শ্রীল রামানন্দ রায় প্রণীতম্

শ্রীজগন্নাথবল্লভ নাটকম্।

শ্রীশ্রীযুগল মিলনাখ্য

বঙ্গভাষানুবাদসম্বলিতম্।

রায়োপাধিকেন শ্রীজ্যোতিশ্চন্দ্র শর্ম্মণা।

সম্পাদিতমনুবাদিতঞ্চ।

চৈতন্যাব্দাঃ –৪৫০

ছ।

প্রকাশক—
শ্রীনির্ম্মলকুমার রায়
৩৮নং শ্যামবাজার ষ্ট্রীট্।
কলিকাতা।

মূল্য এক টাকা মাত্র।

প্রিণ্টার— শ্রীননীলাল দাস
সেণ্ট্রাল ইণ্ডিয়া
বলাই সিংহ

যাঁহার অপ্রত্যাশিত, অত্যদ্ভুত এবং প্রত্যক্ষ কৃপায়
এই অপূর্ব্ব শ্রীগ্রন্থের অনুবাদ সম্পূর্ণ হইল, অপিচ,
"মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
"যৎকৃপা তমহং বন্দে পরমানন্দ মাধবং॥"

শ্রীশ্রীগৌরাঙ্গচন্দ্র বিজয়তে।

অনুবাদকের নিবেদন।

যদিও রসিক ভক্ত সমাজের নিকট শ্রীজগন্নাথবল্লভ নাটকের পরিচয় প্রদান সম্পূর্ণ নিষ্প্রয়োজন, তথাপি অত্র অনুবাদ সম্পর্কে মূল গ্রন্থ সম্বন্ধে দুইটী বিষয়ের উল্লেখ করিব। প্রথম, গ্রন্থ কর্ত্তা ও দ্বিতীয়, গ্রন্থ শ্রোতা। পরম ঈশ্বর শ্রীকৃষ্ণও, প্রেমময়ী রাধার যে প্রেমের সীমা নির্ণয় করিতে পারেন না, সেই প্রেমের তুলনা এ বিশ্ব ব্রহ্মাণ্ডে কুত্রাপি না থাকিলেও, তদনুরূপ প্রেম সেই পরম প্রেমিকারই কায়ব্যূহরূপা সখিবৃন্দে বিরাজিত। বিশেষতঃ, তাঁহার বরিষ্ঠা সখিদ্বয় ললিতা এবং বিশাখা রাধানুরূপ প্রেমের শ্রেষ্ঠা অধিকারিণী। কৃষ্ণ লীলার সেই বিশাখা সখী, গৌর লীলায় রামানন্দ রায় রূপে অবতীর্ণা, এবং তিনিই শ্রীজগন্নাথবল্লভ নাটকের গ্রন্থকর্ত্তা। আর গ্রন্থের শ্রোতা,— শ্রীরাধার ভাব ও কান্তি অঙ্গীকার করি[illegible] [illegible] জন্য অবতীর্ণ হইয়াছিলেন. সেই শ্রীগৌরাঙ্গ [illegible] [illegible] নাম মাত্র শ্রোতা নহেন, তাঁহার অবতারে [illegible] শ্রীরাধার সীমাহীন প্রেম আস্বাদন করিতে, [illegible]

"চণ্ডীদাস বিদ্যাপতি রায়ের নাটক গীতি
কর্ণামৃত শ্রীগীতগোবিন্দ"
স্বরূপ রামানন্দ সনে মহাপ্রভু রাত্রি দিনে
গায় শুনে পরম আনন্দ।"

(শ্রীচৈতন্য চরিতামৃত।)

রসরাজ রসরাণীর নিগূঢ় রসাস্বাদনের নিমিত্ত পরমরসিকাহস্ত পরিবেশিত যে রসধারা দিবারাত্র পান করিতেন, রসিকের রস পিপাসা নিবৃত্তি কারক তত্তুল্য রসগ্রন্থ ত্রিভুবনে আর কি থাকিতে পারে? সুতরাং শ্রীজগন্নাথ বল্লভ যে ত্রিজগৎ মধ্যে শ্রেষ্ঠ রস নাটক তদ্বিষয়ে আর সন্দেহের অবকাশ নাই। অধিকন্তু,

"আরাধ্যো ভগবান্ ব্রজেশ তনয়স্তদ্ধাম বৃন্দাবনং।
রম্যা কাচিদুপাসনা ব্রজবধূবর্গেণ যা কল্পিতা॥

শাস্ত্রং ভাগবতং প্রমাণমমলং প্রেমা পুমর্থোমহান্।
শ্রীচৈতন্য মহাপ্রভোর্মতমিদং তত্রাদর নঃ পরঃ॥"

এই অভ্রান্ত উক্তি স্মরণ করিয়া জন সাধারণের সেবার্থ আমার এ বাতুল প্রয়াস।

পৃথিবীতে এক শ্রেণীর অব্যাপারেষু ব্যাপারী ধৃষ্টলোক সর্ব্বদা দেখিতে পাওয়া যায়। উপস্থিত আমি তাহাদিগের সকলের শীর্ষস্থান অধিকার করিয়াছি। জগতের সর্ব্বশ্রেষ্ঠ রসনাটকের অনুবাদ চেষ্টা, আমার ন্যায় অজ্ঞ, রসজ্ঞান হীন, মহামূর্খের পক্ষে যতদূর ধৃষ্টতার পরিচায়ক, ততদূর ধৃষ্টতা বোধ হয় আজ পর্য্যন্ত কেহ কখনও প্রকাশ করেন নাই। মূল গ্রন্থকর্ত্তার একটি কথাতেই আমার স্পর্দ্ধা এতদূর বর্দ্ধিত হইয়াছে।

গর্হ্যান হইলেও ব্রজলীলা বর্ণনা হেতু ইহা রসিক ভক্ত গণের আনন্দপ্রদ হইবে।" আরও একটি বিশেষ ভরসা যে ভক্তগণ অতীব ক্ষমাশীল; সুতরাং বহুস্থলে রসাভাস ঘটাইলেও তাঁহাদিগের ক্ষমা পাইব এ ভরসা রাখি। এবং সর্ব্বশ্রেষ্ঠ আশার কথা এই যে, পরম দয়াল নিতাইচাঁদের, পরম প্রেমিক গ্রন্থকর্ত্তার, এবং পরম রসিক ভক্তমণ্ডলীর শ্রীচরণের অমূল্য রজঃ মস্তকে ধারণ করিয়া লেখনী ধারণ করিয়াছি।

এই অনুবাদের আটখানি সুমধুর সঙ্গীত গৌর প্রেমের অধিকারী পরম রসিক পদকর্ত্তা লোচন দাস রচিত। মূল গ্রন্থের সহিত সামঞ্জস্য রাখিবার জন্য পদগুলির কিছু অংশ বাদ এবং দু'এক স্থানে যৎসামান্য পরিবর্ত্তন করিয়াছি। আমার এ বায়স কণ্ঠে ভক্তগণের কর্ণ অবশ্য পীড়িত হইয়া পড়িবে, তখন পূজ্যপাদ পদকর্ত্তার কোকিল কণ্ঠ নিঃসৃত পীযুষ ধারায় নিশ্চয়ই উহা পরম পরিতৃপ্ত হইবে।

এক্ষণে অদোষদর্শী ভক্তগণের চরণ ধারণ পূর্ব্বক তৃণদন্তে ভিক্ষা করিতেছি যে, অনুবাদে চিত্তব্যাথাদায়ক কোন দোষ থাকিলে যেন তাঁহারা দাসানুদাস বোধে অধম অনুবাদককে ক্ষমা করেন। ইতি।

কলিকাতা
১২ই জৈষ্ঠ ১৩৪২ সাল।

অনুবাদক।

[বৈষ্ণবাচার্য্য প্রভুপাদ শ্রীগৌরসুন্দর ভাগবত দর্শনাচার্য মহাশয় লিখিত।]

শ্রীগুরুর্জয়তি।

ভূমিকা।

শ্রীমতী পারমেশ্বরী নিত্যলীলা জয়যুক্তা হউন। শ্রীভগবান্ সচ্চিদানন্দময়ী স্বরূপশক্তি সহায়ে নিত্যই নিত্যধামে যে লীলা প্রকট করেন-তাহাই নিত্য লীলা। স্বয়ংরূপে, বিলাস ও স্বাংশরূপে, এবং স্বরূপ-শক্তিরূপে ও স্বরূপশক্তিবিলাসাদিরূপে শ্রীভগবান্ গোলকাখ্য নিত্যধামে নিত্যই সুবিরাজিত। স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মহারাস লীলাই শ্রীনিত্যলীলার চরমাবস্থা। শক্তি ও শক্তিমানের পরস্পর সম্বন্ধ-জন্য বৃত্তি স্ফুরণকে অর্থাৎ শ্রীভগবানের স্বৈরাচরণকে লীলা বলা হয়। উক্ত স্বৈরাচরণ কাল-কর্ম্ম-গুণাধীন জীবের পক্ষে কোনকালেও সম্ভব হয় না। পরন্তু উহা কালকর্ম্মগুণাতীত স্বতন্ত্র সর্ব্বৈশ্বর্য্য মাধুর্য্যপূর্ণ শ্রীভগবানেই সর্ব্বথা সম্ভব। তিনি সচ্চিদানন্দময় ধামে সচ্চিদানন্দময়ী মূর্ত্তিতে সচ্চিদানন্দময় বেশভূষা ধারণপূর্ব্বক সচ্চিদানন্দময় সিদ্ধ পরিকর বৃন্দের সহিত নিত্যই নিত্যধামে নিত্যক্রিয়া সম্পাদন করিতেছেন। উক্ত নিত্যক্রিয়া বা নিত্যলীলা প্রপঞ্চাভিব্যক্ত ও প্রপঞ্চানভিব্যক্ত ভেদে দ্বিবিধা। প্রপঞ্চাভিব্যক্ত কৃষ্ণলীলা বৃন্দাবন, মথুরা ও দ্বারকা লীলাভেদে ত্রিবিধা। বৃন্দাবনীয় লীলা আবার ব্রজে, বনে ও নিকুঞ্জে উত্তরোত্তর শ্রেষ্ঠা। উক্ত সমস্ত লীলাই ব্রহ্মরুদ্রাদি দেবতা ও শ্রীনারদাদি দেবর্ষিগণেরও মোহজননী বা দুরবগাহিনী। দেবতা ও ঋষিগণ যে লীলাতে মোহিত হন, সামান্য জীবের পক্ষে তাহা কিরূপে বোধগম্য হইবে? শ্রীগুরু গোবিন্দ কৃপাই লীলানুভূতির একমাত্র নিদানভূতা।

পারমেশ্বরী লীলার সমালোচনা ত্রিতাপ নিদাঘ সন্তপ্ত জীবের পক্ষে হিমাম্ভঃ সদৃশা বা পীযূষ বৃষ্টি স্থানীয়া। কিম্বা দুস্তর সংসার সমুদ্র উত্তিতীর্ষু জীবের পক্ষে অদ্বিতীয় প্লবস্থানীয়া। কলিযুগপাবনাবতার ভগবৎ শ্রীকৃষ্ণচৈতন্য দেবচরণানুচর, বিশ্ব-বৈষ্ণব রাজসভা সভাজন, বৈষ্ণবাগ্রগণ্য মহাশয় শ্রীমদ্ রামানন্দ রায় রাগবর্ত্ম পান্থগণের প্রতি কৃপা পরবশে যে শ্রীমহারাস লীলাময় অত্যুপাদেয় জগন্নাথ বল্লভাখ্য মহা-নাটক গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন তাহা অদ্যাপি শ্রীচৈতন্য কিঙ্করগণের মধ্যে অনেকেই অবগত আছেন। উক্ত শ্রীনাটক গ্রন্থের আস্বাদনে কৃতার্থাভিলাষি ডাক্তার শ্রীমজ্জ্যোতিশ্চন্দ্র রায় মহাশয় বঙ্গভাষানুবাদচ্ছলে যে গদ্য পদ্যময় গ্রন্থ সম্পাদন করিয়াছেন, তাহা শ্রবণ করিয়া আমি বিশেষ পরিতৃপ্ত হইলাম। ডাক্তারবাবুর ভাবসিদ্ধ কবিত্ব ও রসানুভবের পারিপাট্য বড়ই সুমধুর। তাঁহার এতাদৃশ গম্ভীর রসশাস্ত্রের সমালোচনা ও প্রচ্ছন্ন ভাবুকতা বৈষ্ণবকুলের নিকট যে বিশেষভাবে সমাদৃত হইবে এ বিষয়ে কোন সন্দেহ নাই। ডাক্তারবাবুর বিজাতীয় শিক্ষার মধ্যেও যে এত বিশুদ্ধ রাগানুরাগা ভক্তির প্রতি লোভপরতা উহা তাঁহার জন্মান্তরীয় শ্রীকৃষ্ণ ভক্তির পরিচায়ক। শ্রীরাধাগোবিন্দের মৎসর্ব্বস্ব পদাম্ভোজে ইহাই প্রার্থনা করি শ্রীমান্ জ্যোতিশ্চন্দ্রবাবু দীর্ঘজীবী হইয়া সুস্থ শরীরে শ্রীরাধাগোবিন্দ সেবায় কৃতার্থ হউন ইতি ১৫ জ্যৈষ্ঠ ১৩৪২ সাল।

গুরু চরণৈকশরণ—

শ্রীগৌরসুন্দর দেবশর্ম্মণঃ।

পাত্রপাত্রী পরিচয়।

শ্রীরাধা।

শ্রীকৃষ্ণ।

মদনিকা	... ...	শ্রীপৌর্ণমাসী দেবী।
শশিমুখী	... ...	শ্রীললিতা সখী।
মাধবী	... ...	শ্রীবিশাখা সখী।
বনদেবী	... ...	শ্রীবৃন্দা সখী।
অশোক	... ...	শ্রীরূপ মঞ্জরী।
বতিকন্দল	... ...	শ্রীমধুমঙ্গল সখা।

শ্রীজগন্নাথ বল্লভ নাটকম্।

নান্দী।

সূত্রধারঃ। স্বরাঞ্চিত বিপঞ্চিকা মুরজ বেণু সঙ্গীতকং
ত্রিভঙ্গ তণুবল্লরী বলিত বল্গু হাসোল্বণং।
বয়স্য করতালিকা রণিত নূপুরৈরুজ্জ্বলং
মুরারি নটনং সদা দিশতু শর্ম্ম লোকত্রয়ে॥

অপিচ। স্মিতং নু ন সিতদ্যুতিস্তরলমক্ষি নাম্ভোরুহং
শ্রুতির্ন চ জগজ্জয়ে মনসিজস্য মৌর্বীলতা।
মুকুন্দ মুখমণ্ডলে রভসমুগ্ধ গোপাঙ্গনা
দৃগঞ্চল ভবো ভ্রমঃ শুভ শতায় তে কল্পতাং॥

শ্রীজগন্নাথ-বল্লভ নাটক।

(শ্রীশ্রীযুগল মিলন)

প্রস্তাবনা।

স্থান—রঙ্গমঞ্চ। কাল—সন্ধ্যা।

নান্দী।

সূত্র। সুরে বাঁধা বেণু বীণা মৃদঙ্গের যোগে,
তুলে সদা যেই নৃত্য সঙ্গীতের তান ;
ত্রিভঙ্গ বঙ্কিম তনু আশ্রিতা গোপিকা
হাস্যোল্লাসে উল্লসিতা হয় যাহা শুনি
সখাগণ করতালি ঝঙ্কৃত হইয়া,
নূপুর নিক্কণে হয় অতীব উজ্জ্বল,
মুরারির সেই চারু নৃত্য অবিরাম
বর্দ্ধন করুক সুখ ভুবন ত্রয়ের।

[নমস্কার করিলেন]

আনন্দ-হিল্লোলে মুগ্ধা যত গোপাঙ্গনা
যে বদন হেরি নেত্রে করে সদা ভ্রম ;
হাস্য তাঁর মনে হয় যেন শশী-কর ;
স্বচ্ছ আঁখি ভ্রম হয় কমলের দল ;
কর্ণ নহে যেন মনসিজ শরাসম ;
মুকুন্দের সেই মুখ-মণ্ডল অতুল,
হ'ক তাহা সবাকার শত শুভ হেতু।

[নমস্কার করিলেন]

অপিচ। কামং কামপয়োনিধিং মৃগদৃশামুদ্ভাবয়ন্নির্ভরং
চেতঃ কৈরব কাননানি যমিনামত্যন্তমুল্লাসয়ন্।
রক্ষঃ কোককুলানি শোক বিকলান্যেকান্তমাকল্পয়
ন্নানন্দং বিতনোত্ভুবো মধুরিপোর্বক্রাপদেশঃ শশী॥

নটনরাগেণ।

মৃদুল মলয়জ পবন তরলিত চিকুর পরিগত কলাপকং।
সাচি তরলিত নয়ন মন্মথ শঙ্কু শঙ্কুলচিত্ত
সুন্দরীজন জনিত কৌতুকং॥
মনসিজ কেলি নন্দিত মানসং।
ভজত মধুরিপুমিন্দু সুন্দর বল্লবী মুখ লালসং॥ ধ্রু॥
লঘু তরলিত কন্দরং হসিত নব সুন্দরং
গজপতি প্রতাপরুদ্র হৃদয়ানুগতমনুদিনং।
সরসং রচয়তি রামানন্দ রায় ইতি চারু সঙ্গীতং॥

মৃগাক্ষিগণেরে যিনি করেন নিক্ষেপ
অনঙ্গ সাগরে ; যোগী হৃদি-পদ্মবনে
অতীব উল্লাস জাগে যাঁর মুখ হেরি ;
রক্ষঃ সম চক্রবাকে করে শোকাকুল ;
মধুরিপু মুখ-শশী সেই অতুলন,
আনন্দ বৰ্দ্ধক হ'ক তোমা সবাকার।

[নমস্কার করিলেন]

গীত।

মন্দ মলয় বায়ে মৃদু মৃদু দোলত
শিখি পাখা বাঁধা কেশদামে।
আহতা মদন বাণে গোপিকা অপাঙ্গআঁখি
হৃদে যাঁর কৌতুক প্রদানে
মনসিজ যাঁর মনে সতত বিলাস করে
গোপী মুখ চন্দ্র লালসে।
মুখে মৃদু মধু হাস মৃদু গ্রীবা হেলয়ত
গজপতি হৃদে সদা বসে॥
এহেন সরস গীতি রামানন্দ রচয়ল
জ্যোতিশ করল অনুবাদ।
অরসিক নাহি পারে হেন রস জীয়াইতে
রসিকের কৃপা কণা সাধ॥

প্রিয়ে ইত ইতঃ।

(প্রবিশ্য নটী)

নটী। অজ্জ এসম্ভি ণিঅ কিঙ্করী অণং চরণপড়িদং বিলোঅণ পম্মাদেহিং পসন্ন হিঅঅং কাদুং ভট্টাপরং পমাণং।

সূত্র। (সহর্ষং) চির সময়ং বিদগ্ধোচিতবেশেন যৌবন ষিলাসমনুভবতু ভবতি।

নটী। অজ্জেণ কুদো আহূদম্মি।

সূত্র। প্রিয়ে, ন বিদিতং ভবত্যাঃ প্রসাদকথনমেতৎ।

নটী। সম্পদি তা সোদুং মম হিঅঅং কুদুহলেহিং বিপ্-ফারিদং বদৃহি।

সূত্র। প্রিয়ে শৃণু।

অদ্যখলু বসন্ত বাসরাবসরে, তরুণ ভাস্ব-
দ্বিমুক্ত দক্ষিণ দিগ্বিলাসিনী স্তনমলয়াচলা-
বলম্বি বেণীভুজঙ্গ সঙ্গি সমীরণ মূর্চ্ছিত
বিরহিণী জন জীবাতু বয়স্যাশ্বাস বচঃ প্রসরে।

বিকসিত শীত কিরণ প্রসূনে চ বিমল নভোবন
প্রোজ্জৃম্ভমাণ নবনবোন্মীলিত নিস্তল মুক্তাফল
ত্বলিত তারামুকুল মধ্যাবলম্বিনী সাসূয়নির্ভর নিরাক্ষ-
মাণ বিরহিণাজন চঞ্চল লোচনাঞ্চল লতাগ্রবর্ত্তিনি।

প্রিয়ে, একবার এধারে এস।

(নটীর প্রবেশ)

নটী। আর্য্য, দাসী আপনার চরণে পতিতা। কৃপা দৃষ্টি প্রদান ক'রে কৃতার্থ করুণ।

সূত্র। (সানন্দে) প্রিয়ে, উঠ। রসিকারূপে চিরকাল যৌবন উপভোগ কর।

নটী। আর্য্য, দাসীকে এখন কি অনুমতি করেন ?

সূত্র। প্রিয়ে, বড় শুভ সংবাদ। তুমি কিছু জান না ?

নটী। আজ্ঞে না। কি সংবাদ বলুন। জানবার জন্য আমার বড় কৌতুহল হ'চ্ছে।

সূত্র। প্রিয়ে শোন।

ভাস্কর-কবল-মুক্তা দিক্-বিলাসিনী
দক্ষিণে বসতি। মলয় অচল রূপ
পীন কুচে তার, প'ড়ে আছে বেণীরূপে
ভুজঙ্গ ভীষণ ; নিঃশ্বাস পরশে যার,
মূর্চ্ছা যায় বিরহিণীগণ। প্রাণ পায়
পুনরায় সখিদের যে আশ্বাস গানে
তাহা এবে দিকে দিকে হ'তেছে বিস্তার।
বিমল গগন বনে শোভে তারাকুল,
নবস্ফুট মুক্তাফল তুলনা যাহার,
মধ্যস্থলে তার, ফুটিয়াছে পূর্ণশশী
শুভ্র পুষ্প সম ; হেরি তারে ঈর্ষাভরে

নিরূপম কান্তি লক্ষ্মীলুব্ধ লক্ষ্মী-রমণাবস্থানোচিত
চিত্ত-দুগ্ধাব্ধিনা, বিভবাদি পরিণত রসরসাল
মুকুল রসাস্বাদ কোবিদ পুংস্কোকিলেন, শ্রীকণ্ঠহার
সহচর গুণমুক্তাফল মণ্ডিত হৃদয়েন, কিং বহুনা ॥

যন্নামাপি নিশম্য সন্নিবিশতে সেকন্ধরঃ কন্দরং
স্বংবর্গ কলবর্গ ভূমিতিলকঃ সাস্রংস মুদ্বীক্ষতে।
মেনে গুজ্জরভূপতি র্জরদিবারণ্য নিজপত্তনং
বাতব্যগ্র পয়োধিপোত গমিবস্বংবেদ গৌড়েশ্বরঃ

কায়ব্যূহ বিলাস ঈশ্বর গিরেদ্বৈতং সুধাদীধিতে
নির্য্যাসস্তুহিনাচলস্য যমকং ক্ষীরাম্বুরাশেরসৌ

বিরহিণীকুল চঞ্চল লোচনে তুলে
কুটিল কটাক্ষ এবে, কিবা মনোহর।
আজি হেন বসন্তের দিবা অবসানে,
শ্রীহরি চরণাশ্রিত রুদ্র গজপতি,
নিরুপম কান্তি হেরি যাঁর, লক্ষ্মীলুব্ধ
রমা পতি চিত্ত-দুগ্ধ-সরোবরে তাঁর
সদা করে বাস; বিভবাদি পরিণত
সরস রসাল আস্বাদেন যিনি সদা
কোকিলের প্রায়; লক্ষ্মী-কণ্ঠ-ভূষাসাথী
নারায়ণ হৃদি সম, গুণমুক্তা ফলে
মণ্ডিত হৃদয় যাঁর; বিপক্ষ সকাশে
যিনি কাল অগ্নি সম; অধিক কি কব,
যাঁর ভয়ে সিকন্দর, বাদশা প্রধান,
ভীত চিত্তে গিরিগুহা করেন আশ্রয়;
কলবর্গ নরপতি, সভয়ে নেহারে
বন্ধুবর্গে যাঁর; গুর্জ্জর নৃপতি শুনি
নাম মাত্র যাঁর, জীর্ণারণ্য সম গণে
রাজ্য আপনার; গৌড়েশ্বর, কাঁপে থর্ থর্,
উর্ম্মি মাঝে বাত্যাক্ষুব্ধ তরণীর প্রায়:
কৈলাস শিখর সম অতি উচ্চ শির,
হিমাচল রস সম তুহিন শীতল,
ক্ষিরোদ-অর্ণব-ফেন সম শুভ্র জ্যোতিঃ,

সারঃ শারদ বারিদস্য কিমপি স্বর্বাহিনী বারিণো
দ্বৈরাজ্যং বিমলীকরোতি সততং যৎকীর্ত্তিরাশির্জগৎ ।

মন্দানাম্বু কদম্ব নির্ম্মিত নদী সংশ্লেষ হর্ষাদসৌ
খিঙ্গ তুঙ্গ তরঙ্গ নিস্বনমিষাৎ প্রস্তৌতি যং বারিধিঃ
নিত্য প্রস্তুত সপ্ত তন্তুভিরভিস্ত্যতং মনোনাকিনাং
যেনৈতৎ প্রতিমাজ্জ্বলেন মদনীমুঞ্চন্তি ন প্রাঙ্গণং ।

তেন প্রতিভট নৃপঘটা কালাগ্নিরুদ্রেণ শ্রীমৎ প্রতাপরুদ্রেণ
শ্রীহরিচরণমধিকৃত্যকমপি প্রবন্ধমভিনেতুমাদিষ্টোঽস্মি ।

যদুক্তং । মধুরিপু পদলীলাশালি তত্ত্বদগুণাঢ্যং
সহৃদয় হৃদয়ানাং কামমামোদ হেতুং ।
অভিনব কৃতিমন্যচ্ছায়য়া নো নিবদ্ধং
সমভিনয় নটানাং বর্য্য কিঞ্চিৎ প্রবন্ধং ॥

নটী । তৎ কথয় ।

সূত্র । কথমারাধনীয়ো বিদ্যানাং নিধিঃ । যতোঽস্মিন্নভিধাতু কামো বাক্‌পতিরপি প্রতিপত্তি মূঢ়ঃস্যাৎ । (ক্ষণং বিমৃষ্য) আঃ স্মৃতং ॥

নটী । তা কিং সো ॥

সূত্র । প্রসাদাদি গুণরত্নাকরস্য সুরগুরু প্রণীত নীতি কদম্ব করম্বিত মন্ত্রাশ্রবীকৃত প্রগুণ পৃথ্বীশ্বরস্য

শারদ বারিদ সম গম্ভীর মহান্,
সুরধনী ধারা সম, কীর্ত্তিরাশি যাঁর
করিতেছে অহর্নিশি নির্ম্মল জগৎ ;
যাঁর দান-বারি-ধারা-তটিনী-সঙ্গমে,
বিশাল সাগর করে গর্জ্জি যশোগান ;
নিত্য যজ্ঞে যাঁর তুষ্ট হ'য়ে দেবগণ,
মুগ্ধ চিত্তে নাহি ত্যাজে আঙ্গিনা তাঁহার
মুহূর্ত্তের তরে, অচল প্রতিমা প্রায় ;
সর্ব্বগুণ-বিভূষিত সেই মহারাজ
আদেশ দেছেন মোরে অভিনীতে এক
অপূর্ব্ব নাটক, কৃষ্ণ লীলা রসাত্মক,
সর্ব্বগুণান্বিত, অতি নূতন ধরণ,
রসিক সমাজ যাহে হবে পুলকিত।

নটী। তা' আপনি কি ক'রবেন ?

সূত্র। কেমনে সাধিব প্রিয়ে, মহা নিধিসম,
সে বিদ্যার আরাধনা আমি ? দেবগুরু
আপনি ইচ্ছিলে নারেন সাধিতে যাহা।
কিবা করি এবে ? (কিছুক্ষণ চিন্তা করিয়া)
হাঁ হাঁ পড়িয়াছে মনে।

নটী। কি ?

সূত্র। প্রসাদাদি গুণে যিনি রত্নাকর সম ;
দেবগুরু রচিয়াছে যত, সর্ব্বনীতি

শ্রীভবানন্দ রায়স্য তনুজেন শ্রীহরি চরণালঙ্কৃত
মানসেন শ্রীরামানন্দ রায়েণ কবিনা তত্তৎগুণালঙ্কৃতং
শ্রীজগন্নাথ বল্লভ নাম গজপতি প্রতাপরুদ্র প্রিয়ং
রামানন্দ সঙ্গীত নাটকং নির্ম্মায় সমর্পিতমভিনেষ্যামি।

তথাচায়ং কবিঃ সবিনয়মিদং অবাদীৎ।
ন ভবতু গুণ-গন্ধোঽয়ত্র নাম প্রবন্ধে
মধুরিপু পদপদ্মোৎ কীর্ত্তনং ন স্তথাপি।
সহৃদয় হৃদয়স্যানন্দ সন্দোহ হেতু
নিয়তমিদমতোঽয়ং নিষ্ফলো ন প্রয়াসঃ ॥
তদাদিশ্যন্তাং কুশীলবা বর্ণিকা পরিগ্রহায়।

নটী। (সংস্কৃতমাশ্রিত্য) যদাজ্ঞাপয়তি স্বামী।
(পুরোঽবলোক্য) পশ্য পশ্য।
মৃদুল মলয় বাতাচান্ত বীচিপ্রচারে
সরসি নব পরাগৈঃ পিঞ্জরোঽয়ং ক্রমেন।
প্রতি কমল মধুনী পানমত্তো দ্বিরেফঃ
স্বপিতি কমল কোষে নিশ্চলাঙ্গঃ প্রদোষে ॥

সূত্র। (সহর্ষং) প্রিয়ে,
সাধু সাধু মন্মনঃ কুতূহল জলনিধি বিবর্ত্তে নিহিতং
ভবত্যা যতো গোপাঙ্গনা শতাধর মধুপান নির্ভর।

করগত যাঁর ; মন্ত্রণায় তাঁরি সম ;
সর্ব্বগুণ বিভূষিত, পৃথিবী ঈশ্বর
ভবানন্দ রায়। তাঁহার তনয় যোগ্য,
শ্রীহরি চরণ যাঁর হৃদি অলঙ্কার,
সেই কবি রামানন্দ রায়, গজপতি
প্রতাপ রুদ্রের প্রিয়, সর্ব্বগুণান্বিত
শ্রীজগন্নাথবল্লভ নাটক রচিয়া
দিয়াছেন মোরে। ব'লেছেন কবিবর
বিনয় সহিত, "নাহি নাটকে আমার
গুণগন্ধ লেশ, তবু দানিবে আনন্দ,
সহৃদয় রসিক হৃদয়ে ধ্রুব ইহা,
শ্রীকৃষ্ণের পাদ-পদ্ম কীর্ত্তন কারণ।
অতএব চেষ্টা মোর হবে না নিস্ফল।"
এবে প্রিয়ে কুশীলবে আদেশ সাজিতে।

নটী। যে আজ্ঞে। (সম্মুখে দেখিয়া)
হের নাথ, মৃদু মন্দ বায়ে, তরঙ্গিতা
সরসীর মাঝে, কমল পরাগ মাখি,
মধুপানে মত্ত মধুকর, হেন সন্ধ্যা কালে
শয়ন ক'রেছে সেই কমলিনী কোরে।

সূত্র। (সানন্দে) অতীব সুন্দর প্রিয়ে, নিক্ষেপিলে মোরে,
আনন্দ জলধি আবর্ত্তনে। পীতাম্বর

কেলিক্রমালসাপঘনঃ ক্বচিৎ প্রৌঢ়বধূ স্তনোপধানীয়
মণ্ডিত হৃদয় পর্য্যঙ্কশায়ী পীতাম্বর নারায়ণঃ স্মারিতঃ ॥

(নেপথ্যে) দ্বাত্রিংশ ল্লক্ষণৈর্যুক্তো দেব দেবেশ্বরো হরিঃ।
গোপাল বালকৈঃ সার্দ্ধং জগাম যমুনা বনং ॥

কেদার রাগেণ

মৃদুতর মারুত বেল্লিত পল্লববল্লী বলিত শিখণ্ডং।
তিলক বিড়ম্বিত মরকতমণিতল বিম্বিত শশধরখণ্ডং ॥

যুবতি মনোহর বেশং।
কলয় কলানিধিমিব ধরণীমনু পরিণত রূপ বিশেষং ॥ধ্রু॥

খেলা দোলায়িত মণিকুণ্ডলরুচি রুচিনান শোভং।
হেলা তরলিত মধুর বিলোচন জনিত বধুজন লোভং ॥

গজপতি রুদ্র নরাধিপ চেতসি জনয়তু মুদমনুবারং।
রামানন্দরায় কবি ভণিতং মধুরিপু রূপমুদারং ॥

নারায়ণ হইল স্মরণ। পিয়ে সুধা
গোপিকার শত অধরের, কেলি শ্রমে,
প্রৌঢ়া কোন গোপ বধূ উরস খট্টায়,
করেছে শয়ন যেন স্তন উপাধানে।

(নেপথ্যে) বত্রিশ লক্ষণ যুক্ত, দেবেশ্বর হরি,
পশিছেন সখাগণসহ বৃন্দাবনে।

গীত

মন্দ মলয়ে যার শিরে হেলে শিখি পাখা
সহিত কুসুম কদম্ব।
মরকত মণিসম বদনে তিলক তার
শোভে যেন শশধর বিম্ব॥
গোপী জন মনোহর বেশ।
শরতের শশধর ভূতলে চলিয়া ফিরে
শোভা আজি ধরিয়া বিশেষ॥
খেলিতে দোলত কাণে মণিময় কুণ্ডল
বদনের বাড়ে বড় শোভা।
কুটিল নয়ন তার করি অবলোকন
ব্রজ বধূ হয় মনোলোভা॥
প্রতাপ রুদ্র হৃদে রাম রায় বরণিত
হেন রূপ করুক বিহার।
জ্যোতিশ কাঁদিয়া কয় রতি আজো নাহি ভেল
অপরূপ হেন রূপে তার॥

সূত্র। (সচকিতং) প্রিয়ে, মৎকনীয়ান্ শ্রীকৃষ্ণ বৃন্দাবন গমনমাবেদয়তি। তদ্বয়মপিস্ব নেপথ্যোপচিতায় যাম। (ইতি নিষ্ক্রান্তৌ)

সূত্র। (সচকিতে) প্রিয়ে, ভ্রাতা মোর শ্রীকৃষ্ণের বৃন্দাবন
আগমন করিছে জ্ঞাপন। চল এবে
আমরাও সজ্জাগৃহে যাই সাজিবারে।
প্রণাম চরণে সাধু ভকত মণ্ডলী।

(উভয়ের প্রস্থান)

পূর্ব্বরাগোনাম প্রথমোঽঙ্কঃ।

ততঃ প্রবিশতি যথানির্দ্দিষ্টঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সখে রতিকন্দল, পশ্য পশ্য রামণোয়কং বৃন্দাবনস্য।

উদ্দামাদ্যুতি পল্লবাবলি চলৎপাণি স্পৃশোঽমীস্ফুরৎ
ভৃঙ্গালিঙ্গিত পুষ্পসাঞ্জন দৃশোমাদ্যৎ পিকানাং রবৈঃ।
অরব্ধোৎকলিকা লতাশ্চ তরবশ্চালোল মৌলীশ্রিয়ঃ
প্রত্যাশং মধু সম্মদাদিব রসালাপং মিথঃ কুর্ব্বতে।

রতি। ভো বঅস্‌স তুজ্ঝ এদং বুন্দাঅণং রমণিজ্জং মম উণ
ভোঅণালও জ্জেব্ব। জ্‌থ কহিম্পি সিহরিণী
কহিম্পি রসালা কহিম্পি সুরহি ধিওঁ কহিম্পি সাল-
ভত্তং।

প্রথম অঙ্ক। (পূর্ব্বরাগ)

স্থান—বৃন্দাবন। কাল—মধ্যাহ্ন।

কৃষ্ণ ও রতিকন্দল

কৃষ্ণ। ভাই, রতিকন্দল, দেখ্ দেখ্ বৃন্দাবনের কি রমণীয় শোভা। গাছের ঝর্ ঝরে কচি কচি সুন্দর ডালগুলি দুল্‌ছে, মনে হচ্ছে যেন গাছগুলি হাত দিয়ে এ ওর গা স্পর্শ করছে। ফোটা ফুলগুলির উপর ভ্রমর বসেছে, মনে হচ্ছে যেন এ ওর দিকে চোখ মেলে তাকিয়ে আছে। ডালগুলি হাওয়ার ভরে দুলে দুলে, কেমন কোকিলের মত গান গাইছে। ফুলের কুঁড়িগুলি গাছের রোমাঞ্চের মত কেমন সুন্দর দেখাচ্চে। না?

রতি। তা, ভাই তোর কাছে সুন্দর বৃন্দালয়; কিন্তু আমার কাছে সুন্দর ভোজনালয়। যার সঙ্গে যার প্রেম। তোর সুন্দর বৃন্দাবনে কি মধু আছে? সুগন্ধি ঘি আছে? দাদখানি চাল আছে? তবে আমার কেন ভাল লাগবে বল?

কৃষ্ণঃ। সখে,

বসন্ত রাগেণ

অপরিচিতং তব রূপমিদং বতপশ্যাদিবোচিত খেলং।
ললিত বিকস্বর কুসুমচয়ৈরিব হসতি চিরাদতি বেলং॥

কলয় সখে ভুবিসারং।
ত্বদুপগমাদিব সরসমিদং মম বৃন্দাবন মনুবারং॥ ধ্রু॥

মৃদুপবনাহতি চঞ্চল পল্লব কর নিকরৈরিব কামং।
নর্ত্তিতুমুপদিশতীব ভবন্তং সন্তত মিদমভিরামং॥

সুখয়তু গজপতি রুদ্র মনোহর মনুদিন মিদমভিধানং।
রামানন্দরায় কবি রচিতং রসিক জনং সুবিধানং॥

সখে, অতি মধুরোঽয়ং কোকিলানাং রবঃ।

রতি। ভো বঅস্স তুজ্জ বংশীএ রও ইদোবি মহুরো তদোবি
অহ্মাণং কণ্ঠরও, তা তুএ বংশী বাদিঅদু মএ কি কণ্ঠ
রও কাদব্বো।

কৃষ্ণ।

গীত

(সখা) আমার সাধের বৃন্দাবন ;
ভুবন মাঝে আমার কাছে
বৃন্দাবন এই অতুলন ॥
অপরূপ রূপ হেরি তোর
আমোদের নেইকো রে ওর
হাসছে সারা বরজ মোর
ফুল ফুটায়ে অগণন।
তরুলতা হাওয়ার ভবে
ডাল দুলিয়ে বলছে তোরে
হেলে দুলে নূপুর প'রে
নাচ্ না রে তুই অনুক্ষণ ॥

যাক্। কোকিল কেমন মধুর স্বরে গান গাইছে শুনচিস্ ?

রতি। আরে ছ্যাঃ। ওর চেয়ে তোর বাঁশীর স্বর ঢের মিষ্টি। আবার (নিজের মুখে বলতে নেই) আমার গলার স্বর তার চেয়েও মিষ্টি। হাসচিস যে ? বিশ্বাস হ'ল না বুঝি ? আচ্ছা বাজি রাখ। তুই বাঁশী বাজা আর আমিও তান ছাড়ি।

কৃষ্ণঃ। যদভিরুচিতং বয়স্যায়েতি (বংশীং বাদয়তে।)

রতি। ভো সুদো দে বংশীরও মমাবি কণ্ঠরও শুণী অহু।
(ইতি মুখ বৈকৃত্য পরুযংনদতি। তরুশিখরানবলোক্য)
ভো জিদং অহ্মেহিং তুহ্মা বংশীএ রএহিং এদে দাসী এ
পুত্তআ কোইলা নিহদঞ্চিদা মহ উণ কণ্ঠ রএহিং কহিংবি
পলাইদা। তা বঅস্স মা গব্বো দে হোতু।

কৃষ্ণঃ। সখে পশ্য পশ্য, কেনাপ্যকরুণেন ভগ্নানি নবাশোক
পল্লবানি চেতঃ খেদয়ন্তি।

রতি। ভো বঅস্স সুদং ময়ে দাসীএ ধীদাতু গোবীআও এথ,
কুসুমাণি অহরন্তি। (সপরিহাসং) তুমম্পি ভদো-
জ্জেব এদং বুন্দাঅণং ণ মুঞ্চসি।

নেপথ্যে। বৃন্দাবনে বিহরতো মধুসূদনস্য
বেণুস্বনং শ্রুতিপুটেন নিপীয় কামং।
উদ্ভ্রান্তমনোজ শিথিলীকৃত গাঢ় লজ্জা
রাধা বিবেশ কুতুকেন সখী কদম্বং॥

কৃষ্ণ। বেশ কথা। (হাসিয়া বাঁশী বাজাইলেন)

রতি। বহুত আচ্ছা। এইবার আমার গান শোন্।

(বিকৃত মুখে বিকট চিৎকার করিল। পরে বৃক্ষশাখা দেখিয়া) এই, আমি জিতেছি। ঐ দেখ্, তোর বাঁশী শুনে কোকিল গুলা লজ্জায় গাছের ভিতর লুকিয়ে ছিল, আর আমি গলা ছাড়তেই একেবারে ফুড়ুক্। বন্ধু, আর কখন কিন্তু তোর এই বিন্দেবনের কোকিলের গুমর করিস্ নি।

কৃষ্ণ। আহা-হা। ভাই দেখ্ দেখ্ কোন্ নিষ্ঠুর অশোক গাছের এমন সুন্দর কচি কচি ডালগুলি ভেঙ্গে দিয়ে গেছে। ছিঃ ছিঃ। আমার কিন্তু ভাই দেখে বড় কষ্ট হ'চ্ছে

রতি। ওঃ। তা ভাই আমি শুনেচি। এই গয়লানী ছুঁড়িগুল এখানে ফুল তুলতে আসে। এ তাদেরই কম্ম। (পরিহাস সহকারে) আর এও বুঝতে পারি যে তুমি তাদের জন্যই এই বিন্দেবন ছেড়ে ন'ড়তে চাওনা।

(নেপথ্যে) শ্রুতি মুখে পিয়ে মনোরম বেনুস্বর
বৃন্দাবন-ক্রীড়াশীল মধুসূদনের,
উদ্রিক্ত রাধার কাম। হ'য়েছে শিথিল
তাঁর লজ্জা আবরণ। অবিন্যস্ত বেশে,
আনন্দ-বিহ্বলা পশিছেন সখিবৃন্দসহ
বৃন্দারণ্য মাঝে, যথা সেই বংশীধারী।

গোণ্ডকিরী রাগেণ

কলয়তি নয়নং দিশি দিশি বলিতং।
পঙ্কজমিব মৃদু মারুত চলিতং ॥
কেলি বিপিনং প্রবিশতি রাধা।
প্রতিপদ সমুদিত মনসিজ বাধা ॥ ধ্রু ॥
বিনিদধতী মৃদু মন্থর পাদং।
রচয়তি কুঞ্জর গতিমনুবাদং ॥
জনয়তু রুদ্র গজাধিপমুদিতং।
রামানন্দ রায় কবি গদিতং ॥

রতি। (কর্ণং দত্বা) ভো সুট্ঠু মএ জানিদং।

কৃষ্ণঃ। কিং।

রতি। মংজ্জেব পুচ্ছসি।

ততঃ প্রবিশতি সখীভিরনুগম্যমানা রাধা মদনিকা বনদেবতাচ

রতি। (পুরতোঽবলোক্য) ভো বঅস্স পেক্খ পেক্খ কেণাবি ইন্দআলিএণ সঞ্চালিদো কণঅ পুত্তলিআ ণিঅর ইধর্জ্জেব আঅচ্ছদি। তা এদং একং গেহ্ণিঅ পলাইস্সং মম দরিদ্দ বড়ুঅস্স এদাএ জ্জেব্ব কিদাত্থদা হুবিস্সাদি।

(ইতি স্বৈরং স্বৈরং ধর্ত্তুমুপসর্পতি।)

কৃষ্ণঃ। ধিঙ্ মূর্খ নায়ং কনক পুত্তলিকা নিকরঃ কিন্তু গোপীকদম্বকমিদং।

গীত।

চললি ব্রজ মোহিনী ধনী
কুঞ্জর বর গমনী।
কেলি বিপিনে সাজল রঙ্গে
সঙ্গে বরজ রমণী॥
মদন আতঙ্কে পুলক অঙ্গ
নব অনুরাগে প্রেম তরঙ্গ
চঞ্চল মৃগ নয়নী॥

(লোচন দাস।)

রতি। (উৎকর্ণ হইয়া) ওরে ঠিক ধ'রেছি।

কৃষ্ণ। কি?

রতি। আমাকে আর জিজ্ঞাসা করিস্ কেন?

(দূরে মদনিকা ও বনদেবীর সহিত রাধার প্রবেশ পশ্চাতে সখিবৃন্দ।)

রতি। (সম্মুখে দেখিয়া) ওরে, দেখ্ দেখ্। কোন ভেল্কি-ওয়ালা তৈরী কর্‌ল নাকি? এ যে সব সোনার পুতুল। ভাই, এর একটা নিয়ে স'রে পড়ি। একটাতেই এ গরীব বামুনের সারা জীবন চ'লে যাবে। (লইবার জন্য ধীরে ধীরে অগ্রসর হইতে লাগিলেন।)

কৃষ্ণ। এই মুখ্যু, ধ্যেৎ। এসব বুঝি তোর সোনার পুতুল? এরা সব ব্রজের গোপিকা।

রতি। (নিরূপ্য বিহস্য) সুষ্ঠু তুএ তক্কিদং তা ফলিদং দে বুন্দাঅণাগমণং ।

কৃষ্ণঃ। ধিঙ্ মূর্খ কিং ফলং মম বৃন্দাবনাগমনস্য ।

রতি। এদাণং দাসীএ ধীদানং সআসাদো বুন্দাঅণ ণঅ পল্লবাণং পড়িবালণং ত্তি ভণামি ।

রাধা। (পুরতোঽবলোক্য) অজ্জে মঅণিএ কো এসো ণীলুপ্পল দল কোমল ছই কণঅ ণিঅর বিচ্ছ বসণো ঈসিঅ অল'ম্বঅ কন্ধরং মহূরং মহূরং বেণুং বাদেই ।

মদ। সখি, ন জানাসি যস্তব ময়া কথিতঃ। সোঽয়ং যুবা যুবতি-চিত্ত-বিহঙ্গ শাখী সাক্ষাদিব স্ফুরতি পঞ্চশরো মুকুন্দঃ। যস্মিন্ গতে নয়নয়োঃ পথি সুন্দরীণাং নীবিঃ স্বয়ং শিথিলতামুপযাতি সদ্যঃ ।

কৃষ্ণঃ। (মনাগবলোক্য স্বগতং) অহো শুভ সময় জাতত্বং কস্যচিদ্বস্তুনঃ। যদপি ন কমলং নিশাকরো বা ভবতি মুখ প্রতিমো মৃগেক্ষণায়াঃ রচয়তি ন তথাপি জাতুতাভ্যা মুপমিতিরন্য পদে পদং যদস্য ।

রতি। (ফিরিয়া আসিয়া সহাস্যে) ওঃ, ঠিক কথা। যাক্, বাঁচা গেল এতক্ষণে তোর্ বৃন্দাবনে ছুটে আসা কিন্তু সফল হ'ল।

কৃষ্ণ। দূর মুখ্যু! আমার বৃন্দাবন আসা কি সফল হ'ল?

রতি। এই তুই বিন্দেবনের শোভা দেখ্‌তে ভালবাসিস্ কিনা। তা, এই সব ঝিএর বেটীরা আসাতে বিন্দেবনের শোভা বেড়ে গেছে ত'? তাই বলছিলাম।

রাধা। দেবি, ঐযে নীল পদ্মের মত রং, আর তেমনি ঢল্‌ঢলে; সোনালি রংএর কাপড় পরা; গলার মালা আস্তে আস্তে দুলছে; কেমন ছবির মত দাঁড়িয়ে বাঁশী বাজাচ্ছেন, উনি কে?

মদ। কেন সই, আমি ত' তোকে বলেছিলাম। তুই ভুলে গেছিস? যাকে গাছ মনে ক'রে যুবতিদের মন-পাখী বাসা বাঁধে, আর যাকে দেখবামাত্র মেয়েদের কাপড়ের কসি আল্গা হ'য়ে পড়ে, এ যে সেই মদন-মোহন মুকুন্দ।

কৃষ্ণ। (একবার দেখিয়াই চক্ষু নত করিলেন।) (স্বগতঃ) কে এই সুলক্ষণা। এই মৃগনয়নার মুখের সঙ্গে চাঁদের কি পদ্মের কিছুরই তুলনা হয় না; তবু এ মুখের সঙ্গে চাঁদ আর পদ্ম ছাড়া উপমা দিবারও ত' কিছুই নাই।

রতি। জাণিদং মএ দাসীএ ধীদাএহিং গোবিআহিং উক্কণ্ঠিদ
হিঅও সম্মুত্তোভবং। তা এহি এদাণং দন্শণ পথাদো
গতুঅ সিহরিণীহিং রসালাহিং বিঅপ্পাণং নির্ব্বুদং
করেন্ধ পেক্খ মজ্ঝম্মো জাদো।

কৃষ্ণঃ। সখে সম্যগুপলক্ষিতং।

তথাহি। কথমিব পরিখিন্না বোমমাত্রে প্রয়াতুং
যদিহ গলিত বেগা বাজিনো য়ৃয়মিত্যং।
ইতি বিতত করান্তঃ সন্নুপালব্ধুমশ্বান্
গগনমিবমিমীতে মধ্যমধ্যাস্য ভানুঃ॥

রতি। (আকুঞ্চিত লোচনশ্চিরং নিরীক্ষ্য) বঅস্স মএবি
বম্নিদব্বো রইমণ্ডলো। আরোবিঅ চ্চকভমিং
ভমিদো জহ বিসংসকম্মণা স্থরো। অজ্জবি তহ
সক্কার ভমিদং রইমণ্ডলং তক্কেমি।

মদ। সখি চির বিহার পরিশ্রান্তাসি তদেহি গচ্ছাব।
(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।)

বতি। বুঝেছি। এই সব গয়লানী ছুঁড়িদের জন্যে প্রাণ ছট্‌ফট্ করছে। না? এই জন্যই এত রাজ্যি থাক্‌তে এইখানে এসে জমেছিস্। তা' এখন আকাশ পানে হাঁ করে তাকিয়ে থেকে আর কি হবে? বেলা যে দুপুর হ'ল। বরং চল্ ওদের কাছে যাই। যদি একটু দুধ টুধ মেলে খাওয়া যাক্।

কৃষ্ণ। (সচকিতে) ওঃ ঠিক বলেছিস্।
গগনের মধ্যস্থলে গিয়াছেন ভানু।
খরতর কর তুলি, নিজ বাজীযুথে
করিছেন তিরস্কার, "আকাশের পথে
এই কয় পদ মাত্র করিয়া ভ্রমণ
হ'য়েছ এতই ক্লান্ত, তোমরা সকলে,
স্খলিত হ'তেছে পদ, গমন শিথিল"।

বতি। (কুঞ্চিত চক্ষে আকাশ নিরীক্ষণ পূর্ব্বক) ওরে দাঁড়া। আমিও বন্ননা কচ্ছি। সূয্যি মামাকে বিশ্বকর্ম্মা কুমোরের চাকে চড়িয়ে প্যাঁক দিয়ে ছেড়ে দিয়েছে। সেই ঠেলায় মামা আমার আজও বোঁ বোঁ ক'রে ঘুরপাক্ খাচ্ছেন। কেমন? হ'ল না?

মদ। সখি তুই অনেকক্ষণ ধ'রে ঘুরে ঘুরে আলা হ'য়েছিস্। চল্ এইবার ফিরি। (সকলের প্রস্থান।)

ভাবপরীক্ষানাম দ্বিতীয়োঽঙ্কঃ।

ততঃ প্রবিশতি মদনিকা।

মদ। (পুরতোঽবলোক্য) কথমিয়মশোক মঞ্জরী।

অশো। দেই বন্দিজ্জসি। গহিদ কজ্জভারব্ব কিম্পি চিন্তয়ন্তী কহিং পত্থিদাসি।

মদ। বচ্ছে মহতী খল্বিয়ং বার্ত্তা।

অশো। কথন্নিঅ।

মদ। বচ্ছে ন জানাসি প্রিয় সখীং রাধামাদায় কুসুম বিহারার্থং গতাঃ স্ম।

অশো। অধ ইং তত্থ।

মদ। তত্রাশোক তরুমূলে ত্বয়া লোচনাতিথি কৃতোঽয়ং মুকুন্দঃ।

অশো। ণ কৃখু বিলসিদং কিম্পি কুসুমাউহেণ।

মদ। অথ কিং।

অশো। তা এত্থ কিং পড়িবন্নং তত্থ ভোদীএ।

দ্বিতীয় অঙ্ক (ভাব পরীক্ষা)

প্রথম দৃশ্য।

স্থান—বন পথ। কাল—পূর্ব্বাহ্ণ।

মদনিকা ও অশোক মঞ্জরী।

মদ। (সম্মুখে দেখিয়া) কে লো? অশোক মঞ্জরী নাকি?

অশো। নমস্কার দেবি। কোন কাজের ভার নিয়ে খুব ভাব্‌তে ভাব্‌তে যেন কোথাও চলেছেন?

মদ। সত্যি বোন্। বড় ভাব্‌বার কথাই বটে।

অশো। কি দেবি?

মদ। কেন, তুই জানিস্ না? আমাদের প্রিয় সখী রাধাকে নিয়ে সেদিন ফুল বিহারের জন্য গেছলাম্?

অশো। হাঁ তা ত' জানি। তা' তাতে কি হ'য়েছে?

মদ। হবে আর কি? যেখানে অশোক গাছের তলায় মুকুন্দকে দর্শন।

অশো। আর বুঝি অমনি মদন ঠাকুরের পাঁচটি বাণ বর্ষণ?

মদ। আর কি?

অশো। না না! আপনি সত্যি কি মনে ক'রছেন?

মদ। অয়ি সরলে তত্রাপি প্রষ্টব্যাস্মি।

অশো। অণুসরিদব্বো মুউন্দো।

মদ। অথ কিং।

অশো। অথ কধং তাএ লজ্জা তরলাএ হিঅঅং তুএ ম্নাদং।

মদ। বচ্ছ তদেব ত্রপাবর্ম্ম বালানাং হৃদয়ে স্থিরং যাবদ্বিষম-
বাণস্য ন পতন্তি শিলীমুখাঃ।

অশো। তহবি কিং তাএ জ্জেব স্ফুডীকিদং তুম্হোহিং বা
অণুমিদং।

মদ। ময়ৈববানুমিতম্।

অশো। কধংবিঅ।

মদ। শশিনি নয়নপাতো নাদরাদুন্মদানাং
রুতমনু চ পিকানাং কর্ণরোধশ্ছলেন
প্রতিবচনমপার্থং যৎ সখীনাং কথাসু
স্মর বিলসিতমস্যা স্তেন কিঞ্চিৎ প্রতীতম্।

শ্রীগান্ধার রাগেণ

হরি হরি চন্দন মারুত পিকরুত মনুতনুরতনু বিকারম্।
তিরয়ি তুমিব সা কতি কতি সহসা রচয়তি ন শিশু বিহারম্।

মদ। বোকা মেয়ে, একথা আবার জিজ্ঞাসা ক'ত্তে হয় ?

অশো। এখন কি সেই মুকুন্দর সন্ধানেই চল্‌লেন না কি ?

মদ। কি আর করি বল্ ?

অশো। আচ্ছা দেবি, রাই ত' লজ্জায় ম'লে থাকে। আপনি কি ক'রে তাঁর মনের ভাব বুঝলেন।

মদ। ওরে বোকা, মেয়েদের বুকে লজ্জার ঢাকা কতক্ষণ থাকে জানিস ? যতক্ষণ না মদনের বিষম বাণ তাদের উপর পড়ে।

অশো। তবু। সে কি সব কথা মুখ ফুটে আপনাকে ব'লেছে, না আপনি আঁচে আঁচে বুঝেছেন ?

মদ। তাই কি আবার কেউ বলে নাকি ?

অশো। কিসে বুঝলেন দেবি ? বলুন না।

মদ। এই, চাঁদ দেখতে তার আর ভাল লাগছে না, মত্ত কোকিলের ডাক শুনে, চুলকাবার ছলে কাণ ঢাক্‌ছে। সখিরা কোন কথা জিজ্ঞাসা ক'রলে, তা'র এলো মেলো উত্তর দিচ্ছে। এই সব দেখে ধ'রে নিইছি। বুঝলি ?

গীত।

শীতল চন্দন পরশে সমাকুল
পিকরুতে শ্রবণহি ঝাঁপ।
মলয় সমীরণ পরশে হই জ্বর জ্বর
থর থর নিশি দিন কাঁপ॥

উপনত মনসিজ বাধা।

অভিনব ভাব ভরানপি দধতী শিব শিব সীদতি রাধা ॥ধ্রু॥

অবিধয় নিশ্চল নয়ন যুগল গলদম্বু কণানন্নুবারং।

রহসি হঠাদুপযাতি সখীমনু রচয়তি সৌহৃদ সারং ॥

গজপতি রুদ্র মনোহরমহরহরিদমনু রসিক সমাজম্।

রামানন্দ রায় কবি ভণিতং বিহরতু হরিপদ ভাজম্ ॥

ত্বং পুনঃ কুত্র প্রস্থিতাসি।

অশো। অহম্পি তাএ ভণিদা সহি অহিণঅ পউমদল সোজ্জা পজ্জু সুঅহি তাউবণে ম্মি তা বিসাইং পউমদলাইং অদো তদত্থং পখিদাম্মি।

মদ। (স্বগতম্) অয়ে অতি নিষ্ঠুর বিলসতি পুষ্পচাপঃ শ্রুতং ময়া। সা, দক্ষিণানিল কুহুরুত ভৃঙ্গনাদ ব্যাজজৃম্ভমাণ মদনা সুচিরং বিচার্য্যম্। কিঞ্চিৎ সখীং শশিমুখীং সুমুখা বিবিক্তে পর্য্যাকুলাক্ষরমিদং নিজগাদ রাধা।

অলিকুল গান শুনই বর নাগরী
উথলত মদন বিকার।
গুরু পরিবাদ গোপত লাগি নাগরী
রচয়তি বালক বিহার॥
নয়ন যুগলে বারি গলত নিরন্তর
ঝমরু বদন সরোজে।
তিমির তিরোহিত নিভৃত নিকেতনে
আলাপিছে সখীর সমাজে॥
(লোচন দাস।)

তা' তুই আবার কোথা যাচ্ছিস্?

অশো। আমাকে আবার বল্লে, "অশোক, আমার টাট্কা পদ্মের বিছানায় শুতে ইচ্ছে ক'রছে। তুই সেই রকম পদ্ম নিয়ে আয়না ভাই।" তাই আনতে যাচ্ছি।

মদ। (স্বগত) আহা! শুনেছি পুষ্পধন্বা বড় নিষ্ঠুর ভাবে প্রহার করে। বুঝতে পারছি সুমুখী রাধা দখিণে হাওয়ায় আর ভ্রমর ও কোকিলের স্বরে, মদন জ্বালায় জ্বলে, অতি ব্যাকুল হ'য়ে চাঁদ বদনী অশোককে বলেছে,

গীত।

বড় বাসনা জেগেছে হৃদে
পরাণ সখি শুন লো।

তোড় বিরাড়ী রাগেণ

বিদলিত সরসিজ দলচয় শয়নে।
বারিত সকল সখীজন নয়নে॥
বলিত মনো মম সত্বর 'রচনে।
পূরয় কামমিমং শশিবদনে॥
অভিনববিষ কিশলয় চয় বলয়ে।
মলয়জ রস পরিষেবিত নিলয়ে॥ ধ্রু॥
সুখয়তু রুদ্র গজাধিপ চিত্তম্।
রামানন্দ রায় কবি ভণিতম্॥

সাধয় শিবাঃ সন্তু তে পন্থানঃ। অহমপি মুকুন্দ-মনুসরিষ্যামি।

অশো। তা বন্দিজ্জসি। (নিষ্ক্রান্তা।)

মদ। (পরিক্রম্য, আকাশে লক্ষ্যং বদ্ধা) ভোঃ শুকা জানীত কুত্রায়ং দ্রষ্টব্যো মুকুন্দঃ। কিং ব্রুবত ভাণ্ডীর তরুমূলে শশিমুখী দ্বিতীয়ঃ প্রতিবসতি ভবতুনিয়োজিতাময়ৈব তত্র শশিমুখী প্রেত্য কিং ব্রুবত ত্বং কুত্র প্রস্থিতাসীতি তত্রৈবাত্মানমপবার্য্য শ্রোতব্যোঽয়ং বৃত্তান্তঃ ইতি। তত্রৈব গচ্ছামি।

(বিষ্কম্ভকঃ) (নিষ্ক্রান্তা।)

মলয় বাহিত নিরালা ঘরে
কমল দল আনলো ॥
শতদল দলে রচিয়া শয়ান
বাসনা আমার পুরালো।
মদন দাহনে দেহ জ্বর জ্বর
জীবন বুঝি বা ফুরাল ॥
আন সখিগণে যেন নাহি শুনে
বড় লাজ তাহে পাব লো।
ধৈর্য্য ধর রাই জ্যোতিশ পাতকী
আবহুঁ ছুটি যাবলো ॥

আহা! যা, যা শশিমুখি। এনে দে। পথে তোর কুশল হ'ক। আমিও মুকুন্দর কাছে যাই।

আশো। তবে আসি দেবি, প্রণাম।

(প্রস্থান)

মদ:। (পরিক্রমণ এবং আকাশে লক্ষ্য করিয়া) ওহে শুক্ পাখী, বলতে পার কোথায় এখন মুকুন্দের দেখা পাব? কি বল্‌লে? ভাণ্ডীর গাছের তলায় সে আর শশিমুখী দু'জনে কথা কইছে। আচ্ছা— আমিই শশিমুখীকে সেখানে, পাঠিয়েছি। কি জিজ্ঞাসা করলে? ওঃ। "তুমি কোথায় চল্‌লে?" আমি সেইখানেই লুকিয়ে সব শুনতে যাব।

(প্রস্থান)

ততঃ প্রবিশতি শশিমুখী দ্বিতীয়ঃ কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। ইত ইতঃ।

(শশি মুখী অনঙ্গ পত্রিকামর্পয়তি।)

কৃষ্ণঃ। (বাচয়তি) সুইরং বিজ্জসি হিঅঅং লন্তই মঅণো কৃখু দুজ্জসং বলিঅং দীসসি সঅল দিসাসু তুমং দীসই মঅণো ণ কুত্তাবি। (স্বগতং) অয়ে অতি-ভূমিং গতো রাগঃ। তদাকলয়াম্যোদাস্যেনাস্যা হৃদয়স্থৈর্য্যং। (প্রকাশং সাবহিত্থং) সখি, কোবাহয়ং মদনাভিধঃ কথমিতঃ কিম্বাপরাদ্ধং তয়া যেনায়ং বিদয়ং দুনোতি সুদৃশঃ কংসস্য কিং কোপ্যসৌ। (সাটোপং) তদাদেশয়কাসৌ। অদ্যৈনং ভুজযুগ্ম মাত্র শরণঃ সম্মর্দ্য বালামিমা-মব্যগ্রাং রচয়ামি কিং ময়িসতি ত্রাসো ব্রজস্ত্রীজন।

দ্বিতীয় দৃশ্য

স্থান—বৃন্দাবনের অপর অংশ। কাল—মধ্যাহ্ন।

ভাণ্ডীর তরু মূলে কৃষ্ণ। পত্র হস্তে
শশিমুখীর প্রবেশ।

কৃষ্ণ। এই যে। আসুন। (শশিমুখী প্রণয় পত্র প্রদান করিলে কৃষ্ণ পড়িতে লাগিলেন।)

"মদন দুর্জ্জয় বলী বিন্ধি মোর হৃদি কলি
কি জানি সে কোথায় পলায়।
যেদিকে ফিরাই আঁখি তোমারি মূরতি দেখি
মদনের দেখা নাহি পাই॥"

(স্বগত) আহা কি গাঢ় অনুরাগ জন্মেছে। দেখি ঔদাস্য প্রকাশ ক'রে যদি এঁর হৃদয় শান্ত ক'রতে পারি। (মনোভাব গোপন করিয়া প্রকাশ্যে) সখি, কে এ মদন? এই কিশোরী তার কি ক'রছে যে সে তাঁকে এমন ক'রে আঘাত ক'রেছে। এ বুঝি কংসের কেউ? (সদর্পে) তাকে বলে দেবেন, আজ এই ভুজযুগ মাত্র সহায়ে সেই দুরাত্মাকে মর্দ্দন ক'রে আমি এই বালাকে নির্ভয় ক'রব। আমি জীবিত থাকতে ব্রজ রমণীদের ভয় কি?

(আটোপক্ষেপেণ প্রবিশ্য ।)

রতি । ভো বয়স্স ণ ক্খু এসো কংসস্স কোবি অহং জ্জেব্ব মঅণাভিহো তা তুএ কিং মহ বহ্মণস্স কাদব্বং ।

কৃষ্ণঃ । ধিঙ্ মূর্খ অলং পরিহাসেন ।

রতি । ভোঅদি অহ্মাণং পিঅ বয়স্সস্স হত্থে লড্ঢুঅ জুঅলং তুএ দাদব্বং পিঅ বয়স্স তত্থ গদুঅ মঅণং নিরাকরিস্সদি ।

মদ । (কর্ণংদত্ত্বা) অয়ে নিসৃষ্টার্থেয়ং দূতী । যতঃ ইয়ং তত্তদ্বচো বৃন্দাবনে মাধবসন্নিধৌ রাধারূপকথা ব্যাজাদ্বু বাচা সত্তি কোবিদা । (নিরূপ্য বিহস্য) অমুষ্যাঃ প্রোন্মীলৎ কমল মধুধারাইব গিরো নিপীয় ক্ষীবত্বং গতইব চলন্মৌলিরধিকং । উদঞ্চৎ কামোপিস্ব হৃদয় কলা গোপনপরো হরিঃ স্বৈরং স্বৈরং স্মিত সুভগমূচে কথমিদং । তদ্ভবতু অতি-ভূমিং গতো রাগো মাধুর্য্যমাবহতি ।

কৃষ্ণঃ । (পুনরপি পত্রিকাং বাচয়িত্বা) সখি সম্যগিদং নাবকলিতম্ । গোপালবালকবৃতো যমুনা তটান্তে

(সদর্প পদক্ষেপে রতিকন্দর্পের প্রবেশ)

রতি। ওহে বন্ধু, সে কংসের কেউ না। এই আমার নামই মদন। জানিস্ ত' আমি বামুণ? তুই আমার কি ক'রতে পারিস্?

কৃষ্ণ। যাঃ যাঃ, আর ঠাট্টা ক'রতে হ'বে না।

রতি। (শশিমুখীর প্রতি) দেখ, তুমি আমার এই বন্ধুটির দু'হাতে দুটি নাড়ু দিতে পার? তা'হলে এ এখনি সেখানে যেয়ে মদনকে ঠাণ্ডা ক'রে দেবে।

মদ। (অন্তরালে স্বগত) বাঃ রে। দূতী ত' বেশ কাজের মেয়ে। তাকে বৃন্দাবনে মাধবের কাছে যেমন বল্‌তে বলেছিলাম, ঠিক সেই রকম ক'রে কথার ছলে রাধার রূপের কথা বর্ণনা ক'রছে। (নিরীক্ষণ করিয়া উচ্চহাস্য সহকারে) দূতীর পদ্মমধুর মত মিষ্টি কথাগুলি কাণ দিয়ে গিলে', মাথাটি কেমন পাগলা হাতীর মত নাড়ছে। হরিও মদনাতুর হ'য়েছে দেখছি। কিন্তু ওস্তাদ ছেলে কিনা, মনের ভাবটি লুকিয়ে, মুখে খালি মুচ্‌কি হাসিটুকু ফুটিয়ে রেখেছে। আহা হোক্ হোক্। অনুরাগ গাঢ় হ'লে সৌন্দর্য্য কেমন বাড়ে।

কৃষ্ণ। (পুনরায় লিপি পাঠ করিয়া) সখি, ঠিক বুঝতে পারলাম না। আমি ত' সারাদিন গোপাল

বৃন্দাবনে কিমপি কেলিকলাং ভজামি। কস্মাদিয়ং দিশি দিশি স্ফুটরূপভাজং মামেব পশ্যতি কুরঙ্গ-কিশোর-নেত্রা।

সামগুজ্জরী রাগেণ

গোপকুমার সমাজমিমং সখি পৃচ্ছ কদানুগতোঽহং।
কথমিব মামনুপশ্যতি দিশি দিশি কথমিব কলয়তি মোহং॥
সখি পরিহর বচন বিলাসং।
গোপ শিশূনাং বিদিতমিদং মম জনয়তি গুরু পরিহাসং॥ধ্রু॥
যদিচ কুলাচলয়াপি কুলস্থিতি রনয়া পরিহরণীয়া।
কিমিতি তদা ময়ি রতি রতিবিকলা বালে কিল করণীয়া॥
গজপতিরুদ্রমুদে মধুসূদন বচনমিদং রসিকেষু।
রামানন্দ রায় কবিভণিতং জনয়তু মুদমখিলেষু॥

শশি। (স্বগতং) অহো পিঅ সহীএ অত্থাণাণুরাও তা কিং এত্থ কাদব্বং।

বালকদের সঙ্গে যমুনার তীরে বৃন্দাবনে খেলা ক'রে বেড়াই। সেই কিশোর-কুরঙ্গ নয়না কি ক'রে আমাকে চারি দিকে দেখ্‌তে পাচ্ছেন ?

গীত।

সখি, পরিহর বচন বিলাস।
জিজ্ঞাসহ তুমি সখাগণে মোর।
কবে গেছি তা'র পাশ॥
কেমনে সে বালা হেরিবে আমারে
দিশি দিশি সখি বল।
কেন বা তাহার হইল এ হেন
দারুণ মোহ প্রবল॥
গোপ শিশুগণ শুনিলে একথা
করিবেক পরিহাস।
(ও সে) কুলাচল হেন কুলের গরিমা
কি আশে করিবে নাশ॥
অতি শিশুমতি রতি কলা রীতি
কিছু নাহি আমি জানি।
জ্যোতিশ কহয় ছাড় চাতুরালী
তোষ রাইয়ে রতি দানি॥

শশি। (স্বগত) সখি আমাদের অপাত্রে প্রেম অর্পণ ক'রেছে। এক্ষেত্রে কি করা উচিৎ ?

রতি। ভো কিং এদাএ দুট্ঠ গোবী ধীদাএ ভণিদাএ। বঅস্স পেক্খ পেক্খ। রইঅর চলিদা হংসী মগ্গই ছাঅং কমল গুচ্ছস্স মারুঅ ধুঅঅরআত্তা পেক্খসি জন্তং নিআরেদি।

কৃষ্ণঃ। (স্বগতং) অহো বচনভঙ্গী ধূর্ত্তস্য। (প্রকাশং) ধিঙ্ মূর্খ কিমপ্রস্তুতমালপসি।

রতি। ভো বঅস্স মএজ্জেব্ব পত্থুদং ভণিদং।

মদ। (স্বগতং) সর্ব্বথা কৃতার্থাসি অয়ে রাধিকে।

শশি। মহাভাঅ অসরিসং তুহ্মারিসাণং অনুগদবঞ্চণং।

কৃষ্ণঃ। ভদ্রে অন্যদপ্যাকলয়!

দয়িতো দয়িতস্তস্যা বালেয়ং কুলপালিকা।
অকাণ্ডে কিমসৌমুগ্ধে ধত্তামাচার বিপ্লবং॥

রতি। ভোদি অহ্মাণং পিঅ বঅস্সো ধম্ম সরণো তা ওসরদু ভোদী। (কৃষ্ণস্য হৃদি হস্তং দত্বা) ভোদী মা উত্তম্ম সাজ্জেব্ব। পিঅ বঅস্সস্স হিঅএ কুরু-কুরাঅদি। তা মএজ্জেব্বং ফুডং কাদব্বং সর্ব্বং। (কর্ণে) ভো বঅস্স তুহ্মেহিংপি সাসিবিণে বার সহস্সং দিট্ঠা। এহ্নিং কীসঅত্থি জ্জন্তো অপ্পা অপ্পা বিজ্জদি।

রতি। আচ্ছা, এই পাজী গয়লানীর সঙ্গে অত কথার কি দরকার ? ওরে দেখ্। একটা হংসী রোদে তেতে' পুড়ে ঐ পদ্মগুলার ছায়ায় ঠাণ্ডা হ'তে যাচ্ছে। পদ্মগুলার প্রাণ কিন্তু হাওয়ায় কাঁপছে ব'লে,তারা দুলে' দুলে' হংসীটাকে আস্‌তে বারণ ক'চ্ছে।

কৃষ্ণ। (স্বগত) বাঃ, ভারী চালাক্। বেশ ব'লেছে। (প্রকাশ্যে) দূর মুখ্যু কি বাজে বক্‌ছিস ?

রতি। বন্ধু, আমি ঠিক কাজেরই বক্‌ছি।

মদ। রাধিকা, তোর মনস্কাম সফল হ'য়েছে।

শশি। মশাই, আপনার মত লোকের অনুগতাকে পায়ে ঠেলা কি সাজে ?

কৃষ্ণ। মুগ্ধে, আরও দেখুন, ইনি কুলবালা। পতিই এঁর পরম প্রিয় ; অন্ততঃ হওয়া উচিৎ। কেমন ? তবে কেন ইনি কুল ধর্ম্মে জলাঞ্জলি দিতে চাইছেন বলুনত ?

রতি। ওগো, আমাদের এই বন্ধুটি বড় ধার্ম্মিক। তুমি এখন স'রে পড় দেখি। (কৃষ্ণের বক্ষে হস্ত দিয়া) তোমাকে আর বেশী ব'ল্‌তে হবে না, বন্ধুর পরাণেও সুড়্‌সুড়ি লেগেছে,কাজেই আমাকে মুখ ফুটে সব বলতে হ'ল। (কাণে কাণে) আচ্ছা ভাই স্বপ্নে ত' তাকে হাজার হাজার বার দেখে থাকিস্, এখন সত্যি একবার দেখে আয় না কেন ?

কৃষ্ণঃ। ধিঙ্ মূর্খ মম স্বপ্ন বৃত্তান্তঃ কথং ত্বয়া জ্ঞাতঃ।

রতি। সিবিণে বি কিং পরিহরসি তহিং জ্জেব্ব অম্মে-
হিংপি দিট্‌ঠং।

কৃষ্ণঃ। (স্বগতং) যদ্যপ্যনেন বাচাল বটুনা পরিহাসশীল
তয়া আলপিতং তথাপি সম্বাদো বৃত্তঃ ভবতু তথাপি
জিজ্ঞাসনীয় স্বভাবা হি বালারমণ্যঃ। (প্রকাশং)
ভদ্রে তন্নিবর্ত্ততাং অসদৃশাৎ সাহসাদিয়ং বালা।
(রতিকন্দলংপ্রতি) বয়স্য তদেহি বয়মপি বৎসা-
হরণায় যামঃ। ভদ্রে ত্বমপি সানুনয়মেনাং
নিবর্ত্তয়।

মল্লার রাগেণ

শশিনি ন রাগং ভজতে নলিনী।
রবিমনুনৈব বৃষস্যতি রজনী॥
কুল বনিতানামিদমাচরিতম্।
পরপুরুষাধিগমে গুরু দুরিতম্॥
শশিমুখি বারয় বারিজ বদনাং।
অনুচিত বিষয় বিঙ্কস্বর মদনাং॥ধ্রু॥
সা যদি গণয়তি ন কুল চরিত্রম্।
কিমিতি বয়ং কলয়ামন চিত্রম্॥
উদয়তু রুদ্র গজাধিপ হৃদয়ে।
রামানন্দ ভণিতমতি সদয়ে॥

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে)

কৃষ্ণ। দূর মূখ্যু,আমার স্বপ্নের কথা তুই কি ক'রে জানবি?

রতি। স্বপ্নেও কি তুই আমাকে ছাড়িস্? আমিও যে স্বপ্ন দেখি।

কৃষ্ণ। (স্বগত) ঠাট্টা ক'রলেও বামুন ভায়া আমার, সত্যি কথাই ব'ল্‌ছে। তবু এই কিশোরীর মনের কথা ভাল ক'রে বোঝা দরকার। (প্রকাশ্যে) ভদ্রে, বালিকার এই অশোভন সাহস নিবৃত্ত করুন। চল্ ভাই আমরা গরুগুল কোথায় গেল দেখি। আর ভদ্রে, আপনি এঁকে আমার হ'য়ে বিশেষ অনুনয় ক'রে বোঝান গে' যান।

গীত।

কমলিনী ভজে কি লো কভু চাঁদে।
রজনী ভানু হেরি সতত কাঁদে॥
কুলবালাদের এ হেন আচার।
পর যুবা সঙ্গ গর্হিত ব্যভার॥
অনুচিতে রতি করে পদ্মমুখী।
বারণ কর লো তারে শশিমুখী॥
যদিও সে নাহি গণে নিজ কুলাচার।
মান কেন আমি ছাড়িব আমার॥
রায় কবি গান দাসুক আনন্দ।
গজপতি হৃদয়ে; জ্যোতিশ ধন্দ॥

(কৃষ্ণ ও রতিকন্দল পশ্চাৎ শশিমুখীর প্রস্থান)।

ভাবপ্রকাশোনাম তৃতীয়োঽঙ্কঃ।

ততঃ প্রবিশতি অশোকমঞ্জরী।

অশো। অএ সুদং মএ মঅণিআএ বনদেঅদাএ সসিমুহীএ সদ্ধং কিম্পি রহস্সং কুণন্তী মাহবীলদামণ্ডব সআসে পিঅসহী চিট্‌ঠদিতা পেক্‌খিঅ গমিস্সং। (অগ্রতোঽবলোক্য সমুপসর্প্যচ) অএ এদাও লহু লহু কিম্পি জম্পন্তি তা ণ জুজ্জদি এত্থ পরিসিদুং।

(নিষ্ক্রান্তা)

ততঃ প্রবিশতি শশিমুখী মদনিকাভ্যাং প্রবোধ্যমানা রাধা।

রাধা। (দীর্ঘমুষ্ণঞ্চ নিঃশ্বস্য) সচ্চকং জ্জেব্ব পরিহিদম্হি মাহবেণ।

সামগুজ্জরী রাগেণ

কুল বণিতাজন ধৃতমাচারম্।

তৃণবদগণয়ং গলিত বিচারম্॥

তৃতীয় অঙ্ক (ভাব প্রকাশ)

স্থান—বৃন্দাবন। কাল—মধ্যাহ্ন।

অশোকমঞ্জরী।

অশো। হাঁ ঠিক্। শুনলাম বটে মাধবীকুঞ্জের কাছে মদনিকা, বনদেবী আর শশিমুখীর সঙ্গে প্রিয়-সখী যখন রহস্য ক'রছিলেন সেই তখন দেখেছেন। (সম্মুখে দেখিয়া) এই যে এঁরা সব কি ফিস্ ফিস্ ক'র্তে ক'র্তে এই দিকেই আসছেন। আমার এখন এখানে থাকা ঠিক নয়।

(প্রস্থান)

(শশিমুখী ও মদনিকা কর্ত্তৃক প্রবোধ্যমানা রাধার প্রবেশ।)

রাধা। (দীর্ঘ ও উষ্ণ নিঃশ্বাস ত্যাগ করিয়া) সই, সত্যই কি মাধব আমাকে ত্যাগ করলেন ?

গীত।

কুলভয় তেয়াগিল তৃণ করি না মানিল
আগে হাম না কৈল বিচার।
এবে হৈল বিপরীত নিদারুণ ভেল নাথ
নিশ্চয় না কৈল অঙ্গীকার॥

শিব শিব কিম্বা চরিতমশস্তং ।
বিধিরধুনা বদ বশয়তু কন্তং ॥ধ্রু॥
শিশুরপি যুবতিরিবাহিত ভাবা ।
বিগলিত লজ্জিতমহমিব কাবা ॥
গজপতি রুদ্রমুদে সমুদীতম্ ।
রামানন্দ রায় কবি গীতম্ ॥

শশি । বিম্হিদো জ্জেব্ব সব্বো বুত্তন্তো তা সঅং জ্জেব্ব বিআরীঅদূ ।

রাধা । (সংস্কৃতমাশ্রিত্য)

শ্রাবং শ্রাবং সুসাম শ্রুতি সমিত পরব্রহ্মবংশীপ্রসূতং
দর্শং দর্শং ত্রিলোকীবর তরুণ কলাকেলি লাবণ্য
সারম্ ।
ধ্যায়ং ধ্যায়ং সমুদ্যদ্দ্যুমণি কুমুদিনীবন্ধু রোচিঃ সরোচি
শ্চায়ং শ্রীকান্ত সঙ্গং দহতি মম মনোমাঙ্কুকূলাগ্নিদাহং॥

শশি । সহি মুঞ্চ অত্থাণা গহং । (সংস্কৃতমাশ্রিত্য)

যদ্যদ্ব্যঞ্জিতমঞ্জন প্রতিকৃতৌ কৃষ্ণে তদর্থং ময়া
তত্তত্তেন নিবারিতং শিশুদশাভাব প্রকাশৈরলম্ ।

হায় সখি, কি মোর করম গতি মন্দ।
হাম অতি শিশুমতি যুবতীর সম রীতি
আচরিয়ে না মিলে গোবিন্দ॥
গোকুল মণ্ডল মাঝে -কোন ধনী ত্যাজে লাজে
মোর সম নহে বাউলিনী।
রামানন্দ রায় ভনে গজপতি রুদ্র মনে
উথলিত প্রেম সুরধনী॥

(লোচন দাস।)

শশি। তোকে সবই ত' খুলে বল্‌লাম ভাই। এখন নিজেই মনে বিচার ক'রে দেখ্‌না।

রাধা। শুনিয়া সে মনোহর সামবেদ সম
স্বরপরব্রহ্ম, তাঁর মুরলী প্রসূত;
হেরি রতি পতি জিনি লাবণ্যের সার,
ত্রিলোক মাঝারে শ্রেষ্ঠ, তরুণ, সুন্দর;
করি ধ্যান শ্রীকান্তের সঙ্গ অনুপম,
দিনমণি কুমুদিনী-পতি সহ যেন
একত্রে উদিত নির্ম্মল গগন ক্রোড়ে;
দহিছে হৃদয় মোর দাব-অগ্নি সম।

শশি। রাই, তুই এ অপাত্রে আগ্রহ ছাড় ভাই।
শ্রীকৃষ্ণে'যে সব কথা বলেছিলো আমি
সখি তোমার কারণ, করি নিবারণ
সে সকল, শিশুভাব করিয়া প্রকাশ

আস্তামুৎকলিকা প্রসূন বিগলন্মাধ্বীকনদ্ধং বিষম্
কৃষ্ণধ্যানমিতোঽন্যতঃ সুবদনে সঙ্কল্পমাকল্পয় ॥

সুহয়ী রাগেণ

হীনং পতিমপি ভজতে রমণী।
কেশরিণং কিমু কলয়তি হরিণী ॥
রাধিকে পরিহর মাধব রাগময়ে ॥ধ্রু॥
ক্ষীণে শশিণি চ কুমুদবনীয়ং।
ভজতি ন ভাবং কিমুরমণীয়ং ॥
সুখয়তু গজপতি রুদ্রনরেশং।
রামানন্দ রায় গীতমনিশং ॥

রাধা। (সাস্রং) দেবি মদনিকে কঃ প্রকারঃ।
প্রেমচ্ছেদরুজোঽবগচ্ছতি হরির্ণায়ং নচ প্রেম বা
স্থানাস্থানমবৈতি নাপি মদনো জানাতি নো দুর্ব্বলাঃ।
অন্যোবেদনচান্য দুঃখমখিলং নো জীবনং বাশ্রবং
দ্বিত্রাণ্যেব দিনানি যৌবনমিদং হাহা বিধেঃ কা গতিঃ

দিয়াছেন ব্যর্থ করি। ছিঃ ছিঃ লাজে মরি।
ফোটাফুল-বিগলিত মধুধারা মাখা
তীব্র কালকূট মাত্র তুলনা যাহার,
হেন শ্রীকৃষ্ণের ধ্যান ছাড়ি সুবদনি,
অন্যত্র নিবেশ মন, সুকোমল তোর।

গীত।

কেন কর মাধবেরে অনুরাগ রাই।
হীন যদি হয় পতি রমণীর সেই গতি
অমন নিঠুরে প্রেম করিবারে নাই॥
হরিণী হরিণ ভজে কেশরীতে নাহি মজে
কুমুদিনী সদা সখি, শশধরে চায়।
হ'লেও সে কলাহীন অনুরাগ নহে ক্ষীণ
ভাল উপদেশ দেয় জ্যোতিশ রায়॥

রাধা। (কাঁদিতে কাঁদিতে) দেবী কি বলেন?
হরি ত' জানে না দেবি, প্রেম-চ্ছেদ ব্যথা।
প্রেমও মানে না মানা স্থান অস্থানের।
মদন করে কি দয়া দুর্ব্বলার প্রতি?
পরে কি বুঝিবে ব্যথা? নহে বশ মোর
হৃদয় আমারি। হায় হায় কিবা করি?
যৌবন চলিয়া যাবে দু'দিনের পরে।
হায় বিধি, কিবা গতি বল না আমার।

মদ। কথমেবং উদ্ভাম্যসি যতঃ
সমাকৃষ্টাদুরাৎ কিমপি যদি সা কেতকি বন
প্রসূনেনোন্মীলৎ সুরভি ভরসারেণ নিয়তম্।
অথ ভ্রামং ভ্রামং রজসি রসমালোক্য নমনা
গপি প্রান্ত প্রাপ্তা পরিহরতি তং নো মধুকরী ॥

রাধা। (ধৈর্য্যমবলম্ব্য) পরিত্যক্ত এব। (ইত্যর্দ্ধো-
ক্তেন সসাধ্বসোৎকম্পং) দেবি নায়ং মমাপরাধঃ
যতঃ

যদা যাতোদৈবান্মধুরিপুরসৌ লোচন পথং
তদাস্মাকং চেতো মদনহতকেনা হৃতমভূৎ।

(ক্ষণং স্থিত্বা দীর্ঘমুষ্ণঞ্চ নিঃশ্বস্য)

পুনর্যস্মিন্নেষ ক্ষণমপি দৃশোরেতি পদবীং
বিধাস্যামস্তস্মিন্নিখিল ঘটিকা রত্নখচিতা ॥

মদ। (স্বগতং) অতিভূমিং গতোহস্যা অনুরাগস্তদতি প্রিয়
কথনেনান্যমানসাং রচয়ামি। (প্রকাশং) বৎসে
পশ্য পশ্য।

যোহয়ং ত্বয়া স্বকরযুষ্কর শিক্তমূলং
সম্বর্দ্ধিতঃ সুতনু, বাল রসাল শাখী।

মদ। অত উতলা হ'স কেন বোন?
নব উন্মীলিত যবে কেতকী প্রসূন,
সৌরভ তাহার, আকর্ষণ করে সত্য
দূর হ'তে যতেক ভ্রমরী। কিন্তু সখি,
সেই পুষ্পোপরি ঘুরি' ঘুরি' হেরে যবে
নিরস পরাগ তার, কহ লো কিশোরী
ত্যজে না কি সেই ফুল মধুকরীকুল?

রাধা। (ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক অর্দ্ধ উক্তিতে)
বেশ তার আশা ছাড়লাম।
(ভীতচিত্তে কম্পিত স্বরে)
নাহি ইথে মোর কোন অপরাধ দেবি।
মধু রিপু দৃষ্টি পথে পড়িলেন যবে,
হরি নিল চিত্ত মোর পোড়া ফুলধনু।
(কিছুক্ষণ থামিয়া দীর্ঘ ও উষ্ণ নিঃশ্বাস সহকারে)
পুনঃ যদি দেখা পাই মুহূর্ত্তের তরে,
রাখিব সে মুহূর্ত্তেরে রতনে খচিয়া

মদ। (স্বগত) ভালবাসা কি গভীর হয়েছে! কি করি।
এর যা, খুব ভাল লাগে এমন কোন কথায়
একে অন্যমনস্ক করে রাখি।
(প্রকাশ্যে) লো সুতনু, সুকোমল নিজ করে তোর
ঢালি স্নিগ্ধ বারিধারা, বাড়ায়েছ তুমি

জাতঃ সতে মুকুল দন্তুর মৌলিরীষ
স্মন্যে তদেব মধুপাঃ প্রিয়মালপন্তি ॥

রাধা। (সত্রাসোৎকম্পং) হলা শশিমুখি স্মর্ত্তব্যাস্মি।

মদ। (স্বগতং) অহো কেয়মনর্থ পরম্পরা স্বয়মুপস্থিতা। (প্রকাশং) বচ্ছে মাতি বিক্লবাভূঃ। উপলক্ষিত মেবাস্য সানুরাগ হৃদয়ং।

দেশাগ রাগেণ

সরসকথাসুকণ্ঠং পুলকাচিতমানন কমলমজস্রং।
কলয়ত চারু হসিত নব বলিতং পরিহৃত কেলি সহস্রং।
মুগ্ধে পরিহর শঙ্কিতমধিকময়ে ॥ধ্রু॥
আদর মধুরমিমামনুবেলং কথমালপতি সসারম্।
সুমুখি সখীং তব তদপি মনাবত কলয়তি কিমু ন বিচারম্ ॥

যেই শিশু চ্যুত শাখী, পল্লবে তাহার
ধরিয়াছে নবীন মুকুল, শিরো দেশে।
মধুকর গুঞ্জরিছে যেন সেই হেতু।

রাধা। (ত্রাস ও কম্পের সহিত) শশিমুখি, তোদের এ হতভাগিনী সখীকে মনে রাখিস্। (মূর্চ্ছা)

মদ। (স্বগত) আঃ। এসব কি অনর্থপাত উপস্থিত হ'ল! (প্রকাশ্যে) সখি, অত ব্যাকুল হ'স্‌নি। ওঠ্ শোন্। আমি তা'রও মনে অনুরাগের ভাব লক্ষ্য করেছি।

গীত

রাধে! কাহে কর হৃদয়ে অনুতাপ।
শঙ্কিত পরিহর মিলব নাগর বর,
শুন মঝু বচন আলাপ।
শশিমুখী সখী যব, ভেজলি বর মোহিনী
তহুঁ নিকুঞ্জে হাম থেহ।
তিরই নিজ অঙ্গ শুনল শঠ চাতুরী
যত যত কহল্বহি নাহ॥
রসময় বচন শুনই বর নাগর
পুলক বদনে করু হাস।
নিশি অবশেষে অরুণ কিরণে যনু
সরসী সরোজ পরকাশ॥

৫

গজপতি রুদ্র নরাধিপ হৃদয়ে বসতু চিরং রসসারে।
রামানন্দ রায় কবি ভণিতং পরিচিত কেলি বিচারে ॥

রাধা। দেবি, অনুমিতমম্বু পয়োদে তনু
পরিকলিতা দাবানল জ্বালা।
বপুরতি ললিতং বাল্য শিব
শিব ভবিতা কথং হরিণী ॥

মদ। বৎসে নিয়োজিতাপি ময়া মাধবী তৎ পরিজ্ঞানায় ত্বৎ প্রতিচ্ছন্দক সনাথ চিত্রফলক হস্তা।

ততঃ প্রবিশতি চিত্রফলক হস্তা মাধবী।

মাধ। দেবি বন্দে।

মদ। বচ্ছে স্বাগতং তেহপি বিদিতং রহস্যং।

মাধ। অথ কিং।

মদ। তদাবেদয়।

(মাধবী ফলকমাবেদয়তি। রাধা সলজ্জং ফলকং যাচতে।)

মাধ। দেহি মে পারিতোষিকং।

সতত কেলি রস পরিহরি মাধব
আদরে শুন তুয়া নাম।
মদন শরাসনে জ্বর জ্বর অন্তর
অকুশল শত নাহি মান॥

(লোচন দাস।)

রাধা। কবে মেঘ বরষিবে, সেই আশে দেবি,
পারে কি যাপিতে দিন হরিণী বালিকা,
অতি সুললিত তনু, ভীরু ও দুর্ব্বলা,
দাবানলে জ্বলে যবে শরীর তাহার?

মদ। একটু স্থির হ' বোন্। তোর প্রতি তা'র মনের ভাব বোঝ্‌বার জন্যে আমি মাধবীকে ফের্ তা'র কাছে পাঠিয়েছি। সে তোর্ চিত্রপট্ট নিয়ে গেছে।

(চিত্র ফলক হস্তে হাস্যমুখী মাধবীর প্রবেশ)

মাধ। দেবি, প্রণাম।

মদ। খবর সব ভাল ত'? ব্যাপার কি জানতে পেরেছিস?

মাধ। না ত' কি? আমি কি হেব্লি মেয়ে নাকি?

মদ। খুব বাহাদুর তুই তা' জানি। এখন খবর কি বল্।

(মাধবী চিত্রপট বাহির করিতে গেল এবং রাধা সলজ্জে উহা চাহিলেন।)

মাধ। সুধু মুখে? ইঃ! আগে কি দিবি বল্?

মদ। (স্বগতং) ধ্রুবং তদস্যা হৃদয়ং প্রতীত্য স্ফুটং মুকুন্দোঽপি চকার রাগং।
ভগ্নঃ কদাচিদ্ যদয়ং প্রমাদাৎ প্রেমাঙ্কুরো যোজয়িতুং ন শক্যঃ।
(প্রকাশং) বচ্ছে উপনয় ফলকং।
(মাধবী মনাগ্ দর্শয়িত্বাঞ্চলেনাচ্ছাদয়তি।)

শশি। (বলাদ্গৃহীত্বাবলোকয়তি) অএ কধং এদাইং অকৃথএইং। (বাচয়তি)

মা শঙ্কিষ্টাঃ সুমুখি বিমুখীভাবমেতস্যনস্যা
দানন্দায় প্রথম মুকুলা পদ্মিনী কস্য কামম্।
আঘ্রায়ৈব প্রশিথিল ধৃতির্গন্ধমস্যাস্তথাপি
নালম্বেত ক্ষণমপি স্তবা কিন্নু মধ্যস্থভাবম্॥

মাধ। সহি বড্ঢসে পিআণুরাএণ।

রাধা। (দীর্ঘমুষ্ণঞ্চ নিঃশ্বস্য) হলা কহিংদাণীং অহ্মাণং ঈরিসন্তাঅধেঅং।
(মদনিকাং প্রতি) এত্থ কো অত্থো।

মদ। তবৈতদেব হৃদয়ং প্রতীত্য স্ফুটং মুকুন্দোঽপি চকার রাগম্।
ভগ্নঃ কদাচিৎ যদয়ং প্রমাদাৎ। প্রেমাঙ্কুরো যোজয়িতুং ন শক্যঃ।

মদ। (স্বগত) এর মনের ভাব স্পষ্ট জান্‌তে পেরে শ্যাম চাঁদও নিশ্চয় প্রেমাতুর হ'য়েছে। এখন এই নতুন গজান প্রেমের কলি একটু ভুলে ভেঙ্গে গেলে আর জোড়া লাগবে না। (প্রকাশ্যে) এই মাধবি, ছবিখানা চাইছে দে' না।

(মাধবী ছবিখানির একটু দেখাইয়া পুনরায় অঞ্চলে ঢাকিল। শশিমুখী জোর করিয়া কাড়িয়া লইয়া দেখিতে লাগিল।)

শশি। ওমা! এ যে লেখা (পড়িতে লাগিল)

"শঙ্কা নাহি কর মোরে হেরিয়া বিমুখী।
মোর ভাব নহে সত্য শুন লো সুমুখি ॥
ফোটা পদ্মিনীর গন্ধে ছুটিলেও মন।
সেই ক্ষণে যুবাগণ করে সম্বরণ ॥"

মাধ। আর কি? এইবার কানুর প্রেমে সুখে ফুল্‌তে থাক্।

রাধা (উষ্ণ ও দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিয়া) সে সৌভাগ্য কি আমার এখনও হ'য়েছে? দেখি, এ লেখার মানে কি?

মদ। মানে আর কি? তোর হৃদয়ে প্রেমের দৃঢ়তা বেশ পরিষ্কার ক'রে বুঝতে পেরে, মুকুন্দরও তোর প্রতি অনুরাগ জন্মেছে। কিন্তু সাবধান্। ভুলেও যদি তা'র এ প্রেমের অঙ্কুর ভেঙ্গে দিস্

তদ্বংসে মাতিবিক্লবাভূঃ। ফলিতোঽস্মাকং মনস্কাম তরুঃ।

রাধা। অজ্জবিণ পচ্ছেমিতা এত্থ ভোদী জ্জেব্ব সরণং।

মদ। এষাহং চলিতাস্মি। তদনুমন্যস্ব।

রাধা। (সপ্রণামং সংস্কৃতমাশ্রিত্য)

ভগবতি নিকুঞ্জোঽয়ং গুঞ্জন্মধুকরকদম্বাকুল
তরঃ প্রয়াতঃ প্রায়োয়ং চরম গিরিশৃঙ্গং দিনমণিঃ।
মরুন্মন্দংমন্দং তরলয়তি মল্লী মধুকরান্
কিমন্যদ্বক্তব্যং বিধুরপি বিধাতা সমুদয়ম্॥

কর্ণাট রাগেণ

মঞ্জুতর গুঞ্জরলি কুঞ্জমতি ভীষণম্।
মন্দমরু দন্তরগ গন্ধকৃত দূষণম্॥
সকল মেত দীরিতং।
কিঞ্চগুরু পঞ্চশর চঞ্চলং মম জীবিতম্॥
মত্তপিক দত্তরুজ মুক্তমাধি করং বনম্।
সঙ্গসুখ মঙ্গমপি তুঙ্গভয় ভাজনম্॥

তা হ'লে আর কিছুতেই জোড়া যাবে না। আর অত উতলা হ'স্‌নি বোন। আমাদের মনস্কাম সফল হ'য়েছে।

রাধা। আমার এখনও যে বিশ্বাস হ'চ্ছে না দেবি। এখন আপনিই আমার একমাত্র সহায়।

মদ। (হাসিয়া) আচ্ছা রে আচ্ছা। আমিই যাচ্ছি। কি বলিস্?

রাধা। (প্রণাম করিয়া)

ভ্রমরার গুঞ্জরণে হের দেবি এবে,
আকুল হ'য়েছে কুঞ্জ অতি। হের ওই
দিনমণি প'শিছেন অস্তাচল শিরে।
মৃদু মন্দ বায়ু, উল্লসিছে হের এবে
মধুকরগণে। কি আর কহিব দেবি,
চন্দ্রমা উদিত প্রায়। কর যাহা ভাল।

গীত।

গুঞ্জ অলি পুঞ্জবহু কুঞ্জমন মাতিয়া।
মত্তপিক দত্তরবে ফাটে মঝু ছাতিয়া॥
বল্লীযুত মল্লীফুল গন্ধসহ মারুতা।
কুঞ্জকলি শৃঙ্গঅলি বৃন্দকাহু নৃত্যতা॥
সখি, মন্দ মঝু ভাগিয়া।
কান্তবিনা ভ্রান্তপ্রাণ কহে রহু বাঁচিয়া॥

রুদ্রনৃপ মাংশুবিদ ধাতুসুখ সঙ্কুলম।
রামপদ ধামকবি রায়কৃত মুজ্জ্বলম॥

মদ। বৎসে, অস্মিন বকুলপাদপোপকণ্ঠে দ্রষ্টব্যাস্মি।

ইতি নিস্ক্রান্তা।

ভস্মতনু পুষ্পধনু সঙ্গরস পূরিয়া।
অঙ্গমঝু ভঙ্গকরু প্রাণ যাকু ফাটিয়া॥
(লোচন দাস।)

মদ। আচ্ছা। আমি এই খানেই ফিরব। এই বকুল তলাতেই ফের দেখা হবে। বুঝ্‌লি?

(প্রস্থান)

রাধাভিসারোনাম চতুর্থোঽঙ্কঃ।

ততঃ প্রবিশতি মদনিকা।

মদ। অয়ে শ্রুতং অশোকমঞ্জরী মুখাৎ যদ্বকুল পাদপোপকণ্ঠে বটু দ্বিতীয়োনি বসতি মুকুন্দঃ তত্তত্রৈব-গচ্ছামি। (পুরতোঽবলোক্য) অয়ে মুকুন্দোঽয়ং বটুনাসহ কিমপি মন্ত্রয়ণ সবিষাদমাস্তে তদধ্রুবমেব বিলসিতমত্র কুসুমশায়কেন তন্মাধবী-গুচ্ছন্তরিতা শৃণোমি (আত্মানমপবার্য্য স্থিতা।)

ততঃ প্রবিশতি মদনাবস্থাং নাটয়ন্ রতিকন্দলেন সহালপন্ কৃষ্ণঃ।

মদ। (স্বগতং)

মালব রাগেণ

মদনমিদং বিধুমণ্ডল মধুরং বিধুরং বত সুচিরেণ।
কলয়দনঙ্গ শরাহতমনিশং মলিনমিবেন্দুকরেণ॥
মাধব বপুরতি খেদং। জনয়তি চেতসি শতধাভেদং॥ধ্রু॥
পরিহৃত হারং হৃদয়মুদারং ধুষরিতং বিরহেণ॥
মরকত শৈলশিলাতলমাহতমহহ কিমিন্দু করেণ॥

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

স্থান—বৃক্ষবাটিকার একাংশ। কাল—প্রদোষ।

মদনিকা।

মদ। অশোকমঞ্জরী বল্‌লে না, যে, মুকুন্দ তার সেই ব্রাহ্মণ বন্ধুটির সঙ্গে বকুল তলায় কথা কইছে। তা' সেইখানেই যাই। (সম্মুখে দেখিয়া) আরে! মুকুন্দ যে সেই বামুন ছেলেটির সঙ্গে কি আলাপ ক'র্‌তে ক'র্‌তে এই দিকেই আস্‌ছে। মুখখানি কিন্তু বড় বিষাদ ভরা। আমি নিশ্চয় বলতে পারি মদন ঠাকুর এখন এ'কে খেলাচ্ছেন।

গীত

আহা মরি মরি হায়।
জিনি শশধর বদন সুন্দর
এবে না দেখন যায়॥
কানুর বদন নিঠুর মদন
ক'রেছে মলিন বাণে।
যেন ইন্দু করে আহতা নলিনী
কত ব্যথা বাজে প্রাণে॥

গজপতিরুদ্রং সুকৃত সমুদ্রং শশিকিরণাদপি শীতম্
রামানন্দ রায় কবি ভণিতং সুখয়তু রুচিরং গীতম্॥

কৃষ্ণঃ। সাচেত্তুৎপললোচনা সহচরী বক্ত্রেণ মে নির্ভরং
প্রেমাণং প্রকটী চকার তদয়ং হাসো ময়া কল্পিতঃ।
হাহা শুক্তিধিয়া মহামণিরভূৎ ত্যক্তো ময়া দৈবতো
যাযাল্লোচন গোচরং পুনরিয়ং পুণ্যৈরগণ্যৈর্মম॥

রতি। ভো বঅস্‌স ভণিদংজ্জেব্ব মএ মা এসা অণুরাইণী
পরিহরি অহুত্তি এহ্নি কীস উত্তম্মসি। ভোঅণেচ্ছাএ

হেরইতে আজু মাধবের দুঃখ
ফাটিছে হামারি প্রাণ।
বিরহিত কানু- হৃদয়ের হার
তারো আজি অবসান॥
শশীর কিরণে আহতা যেমন
মরকত শিলা হায়।
হেন মুখ হেরি সহিতে না পারি
মরিবে জ্যোতিশ রায়॥

দাঁড়াও, এখন মাধবী ঝোপের আড়াল থেকে এদের কথাগুলি শুনি। (তথাকরণ।)

(রতি কন্দলের সহিত আলাপ করিতে করিতে মদন আবেশে কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ। ক'রেছিলা যদিও সে উৎপল লোচনা
প্রেম নিবেদন মোরে সহচরী মুখে,
অতুলন সেই প্রেম, উপহাস ভরে
করিয়াছি প্রত্যাখ্যান। শুক্তি ভ্রমে আহা!
মহামণি করিয়াছি ত্যাগ, মুর্খ আমি।
পুনরায় দৈববশে যদি পাই দেখা
পূর্ব্ব জন্মার্জ্জিত মোর অতি পুণ্য ফলে!

রতি। কি বন্ধু, বলিনি তখন যে, হাতের লক্ষ্মী পায়ে ঠেলিস্‌নি। এখন আবার এত ছট্‌ফট্ করছিস

নিউত্তাএ লড্ডুঅ মোদএহিং কিং কাদব্বং। তা এত্থ অহংজ্জেব্ব উবাও।

কৃষ্ণঃ। কথমিব।

রতি। অহং বহ্মণো মন্তং আবট্টিঅ আবদিঅ ইমং আঅড্ডইস্সম্।

কৃষ্ণঃ। জ্ঞাতং তে ব্রাহ্মণ্যং। তদাকলয় মদনিকাম্

মদ। (প্রবিশ্য) স্বস্তি বৎসায়।

কৃষ্ণঃ। (পুরতোঽবলোক্য) কথমিয়ং মদনিকা। (সপ্রশ্রয়ং) দেবি স্বাগতং তে।

মদ। মহাভাগ মুখচন্দ্রদর্শনেন।

রতি। কুসুমশর বেত্থিদো অহ্মাণং পিঅ বঅস্স তা আণীঅদু সাজ্জেব গোবকুমারিয়া।

কৃষ্ণঃ। (সলজ্জং) ধিঙ্মূর্খ মৈবং ভণ।

কেন ? আরে, ক্ষিদে প'ড়ে গেলে মোণ্ডাতেই বা কি দরকার আর মেঠাইএতেই বা কি দরকার ? আচ্ছা দাঁড়া, আমিই এর একটা উপায় ক'রছি।

কৃষ্ণ। তুইত' ভারি পণ্ডিত। তুই আবার কি উপায় করবি?

রতি। জানিস্ ত' আমি বামুন। এই মন্তরের চোটে তাকে টেনে নিয়ে আস্ব।

কৃষ্ণ। তোর বামুন গিরি খুব জানি। এখন থাম্। এক কাজ কর্ দেখি। মদনিকা দেবীকে একবার ডেকে আন্তে পারিস ?

রতি। তা' পারি বইকি। আচ্ছা ডাক্‌ছি দাঁড়া। এই খান থেকে ডক্‌লেই হবে। কি বলিস ? মদনিকা দেবি-ই-ই, অ-মদনিকা দেবি-ই-ই।

(মদনিকার প্রবেশ ও আশীর্ব্বাদকরণ।)

কৃষ্ণ। (সম্মুখে দেখিয়া স্বগত) এই যে মদনিকা দেবী আসছেন। (সসম্ভ্রমে) দেবি, ভাল আছেন ত' ?

মদ। উপস্থিত বটে। তোমার-ই মুখ চন্দ্র দর্শনে।

রতি। দেখুন, আমাদের এই প্রিয় সখাটি উপস্থিত ফুল-ধনুর গুটিকতক চোকা চোকা বাণ খেয়ে বড়ই কাহিল হ'য়ে প'ড়েছে। আপনি দয়া ক'রে সেই গোপকন্যার ঝাঁকুটি এনে দিতে পারেন ?

কৃষ্ণ। (সলজ্জে) এই মুখ্যু, কি বক্ বক্ করছিস ?

রতি। অম্হে বহ্মণা উজ্জুআ ফুড়ং জ্জেবব ভণাম।

মদ। (সস্মিতং) বৎস অপি নাম অমিথ্যা বচনোসি।

রতি। অধইং পেক্খধ পেক্খধ ঐদাইং পউমপত্তাইং।

(মর্ম্মর পত্রাণি দর্শয়তি।)

(সংস্কৃতমাশ্রিত্য)

দুঃখীবড়ারী রাগেণ

নলিন বনংমনবালিকৃতে কৃতমুজ্ঝিত কুসুম পলাশং।
পল্লবমপি বৃন্দাবনমনু কলয়সি ললিত বিকাশং॥
সরলে পশ্যসি কিমুনহি কৃষ্ণং।
ত্বয়িনিহিতাশং গলিত বিলাসং চাতকমিব ঘনতৃষ্ণং॥ধ্রু॥
বিধুমিববীক্ষ্য বিধুংতুদমানয় চপলমিতি প্রতিবেলম্।
বদতি কথং বদ যদি মদনো হৃদি ন বসতি বিরচিত খেলম্॥
গজপতি রুদ্রমুদং তনুতামিতি রামানন্দ রায় সুগীতম্।
নিভৃত মনোভব বিশিখ পরাভব হরি বিরহেণ সমেতম্॥

রতি। আমরা ভাই বামুন, সোজা মানুষ। তোমার মত অমন মাথা থেকে পা অবধি বাঁকা নই। সোজা কথা পষ্টাপষ্টি ব'লে ফেলি।

মদ। (সহাস্যে) না ভাই, তুমি সত্য কথাই ব'লেছ।

রতি। না ত' কি? ঐ দেখুন না পদ্ম গাছ গুলার দুর্গতি। একটাও ফুল নাই। পাতা গুলাও শুকিয়ে গেছে।

গীত

দেবি, বৃন্দাবন তরু চাই।

নব নব পল্লব কিশলয় দলচয়
অলখি না পওবি মাই॥

সতত কেলি রস পরিহরি মাধব
চিরদিন রহু তুয়া আশে।

যৈছে চাতকগণ নেহারই গগন
প্রবল পিয়াস পরকাশে॥

হেরি চন্দন চাঁদ গরল সম শঙ্কহি
অনল মলয় সমীরে।

বদ বদ সুন্দরি, ইথে কি মনোভব
না বিরহে শ্যাম শরীরে॥

রতি পতি বিশিখে পরাভব নাগর
আনি দেহ সো প্রিয় রাধা।

লোচন সমীপে হেরব যব সো পদ
টুটব চিরন্তন বাধা॥ (লোচন দাস)

মদ । কিমেতাবতা ।

রতি । তুমম্পি পিঅবঅস্স জাদো জাণিদম্পি ণ আণাসি তা সঅং জ্জেব্ব গদুঅ মএ অণিদব্বা অহম্পি ণিসিট্টাত্থো দূদো ।

(ইতি গন্তুমিচ্ছতি কৃষ্ণঃ উত্তরীয়ে গৃহ্ণাতি ।)

মদ । বৎস কৃষ্ণ কিমিতি ময্যেব গোপয়সি ।

কৃষ্ণঃ । দেবি কিঞ্চিদ্দ্রষ্টব্যাসি ।

মদ । বিশ্রব্ধমভিধীয়তাং ।

কৃষ্ণঃ । তবাস্যাদেতস্যা বদনরুচমাকর্ণ্য শশিনঃ
কৃতাবজ্ঞা যস্মাদয়মপি রুজং তদ্বিতনুতাং ।
তদঙ্গেনাসঙ্গং ভজত ইতি যো মে বহুমতঃ
কথং সোঽপি প্রাণৈর্মম মলয়বাতো বিহরতি ॥

মদ । (স্বগতং) কৃতার্থাস্মাকং মনোরথেন সার্দ্ধং রাধিকা । তদস্যা অপি বিরহাবস্থাং প্রকাশয়ামি । (প্রকাশং) বৎস সাপি লাবণ্য মাত্র শেষা কল্যাণী ।

তথাহি । শিলাপট্টে হৈমে তুহিন কিরণে চন্দন রসৈ
রিয়ং তন্বীপিষ্টা তনুমনুবিলেপং মৃগয়তে ।

মদ। (অন্যমনস্ক ভাবে) হাঁ, কি বল্লে ?

রতি। বেশ। আপনিও যে দেখছি আমার বন্ধুটির মত ন্যাকা সাজতে আরম্ভ ক'রলেন। ব'ল্লেও কিছু বুঝতে পারেন না। যাক্ আপনাকে আর কিছু ক'র্তে হবে না। আমিই যেয়ে নিয়ে আসছি আমিও এসব দৌত্যে খুব মজবুত।

(অগ্রসর হইলে কৃষ্ণ উত্তরীয় ধরিলেন)

মদ। ভাই কৃষ্ণ, আমার কাছেও আর লুকাও কেন ?

কৃষ্ণ। দেবি, একটা কথা জিজ্ঞাসা ক'র্ব ?

মদ। অকপটে জিজ্ঞাসা কর।

কৃষ্ণ। তব মুখে শুনি তার বদনের শোভা,
নিন্দিনু শশাঙ্কে আমি। প্রতিফল রূপে
শশী মোরে করিছে পীড়ন, মহা রোষে।
সমাদর করিলাম মলয়জ বায়ে,
সাদরে পরশ হেতু বর অঙ্গ তাঁর,
কি কহিব, সেও আজি দগ্ধে মোর প্রাণ।

মদ। (স্বগত) যাক্ আমাদেরও মনোরথ পূর্ণ হ'ল, রাধাও বাঁচ্‌ল। এখন তারও অবস্থাটা শুনিয়ে দিই। (প্রকাশ্যে) সে কল্যাণীরও ভাই লাবণ্যটুকু মাত্র অবশিষ্ট আছে।
সখিগণ হিমশিলে চন্দন ঘসিয়া,
লেপিছে ক্ষীণদেহে তার দিবানিশি,

ক্ষণংস্থিত্বা হাহা সরস বিসিনী পত্র শয়নে
সমুত্তস্থৌ যাবজ্জ্বলতি ন চিরান্মর্ম্মর মিদম্ ॥

সামতোড়ী রাগেণ

নিরবধি নয়ন সলিল ভবসাদে ।
পততি কৃশা পরিচলতি চ পাদে ॥
মাধব গুরুতর মনসিজ বাধা ।
হরি হরি কথমপি জীবতি রাধা ॥ধ্রু॥
নিবসসি চেতসি কথমিব বামম্ ।
শিবশিব সময়সি তদপি ন কামম্ ॥
গজপতি রুদ্র নৃপতিমবিগীতম্
সুখয়তু রামানন্দ সুগীতম্ ॥

রতি। ভোদী সাহসিআও গোবিআও হোন্তি ত্তি তক্কেমি।
জং চন্দ চন্দণেহিং অণুলেবণং মগ্গেন্তি অহ্মাণং

তথাপি শীতল নহে। রচিয়া শয়ন
সখিগণ যবে সরস কমলদলে,
দেয় শোয়াইয়া, ক্ষণ মাত্র থাকি তথা,
শরীরের তাপে উহা হইলে মর্ম্মর,
হাহাকার করি তন্বী উঠে ফুকারিয়া।

গীত

মাধব তুহুঁ বড় কঠিন পরাণ।
সো কুল কামিনী তুয়া গুণ গণি গণি,
নিশিদিন ঝুরই বয়ান॥
নিরবধি নয়ন সলিলে ভব কর্দ্দম
তাহে অতি ক্ষীণ তনু রাধে।
চলই সুমন্থর চলই না পারই
প্রতিপদে পতিত চ সাধে॥
মনসিজ বিশিখে, বিষাদিত অন্তর
হরি হরি মাধব! দারুণ বাধা।
তব গুণগ্রাম, গরল সম জারল
শিব শিব কথমপি জীবতি রাধা॥

(লোচন দাস)

রতি। যা' হ'ক, গয়লানীদের সাহস আছে ব'লতে হবে। তা'দের ত' তবু চন্দন আর চাঁদের কিরণ গায়ে মাখতে ইচ্ছা ক'রছে, আর ইনি চাঁদ

পিঅ বঅসসো উণ চন্দং পেক্‌খিঅ দিণঅরং বিঅ
উলুঅ কহিংবি উবারিদ শরীরো ণঅণ জুঅলং
মুদ্ধিঅ চিট্টদি চন্দণাণং বাঅম্পি লম্ভিঅ সিদ্ধ তণ্ণং
বিঅ ভূঅঙ্গ ইদো উদো ওসরেদি।

কৃষ্ণঃ। (স্বগতং) সাধু ভণিতং। (প্রকাশং) ধিঙ্‌ মূর্খ মাতি
বাচালো ভব।

মদ। এতস্যা হৃদয় পরীক্ষণায় কতি কতি প্রকাশিতা ন
ধর্ম্মাঃ।

কৃষ্ণঃ। (স্বগতং সাতঙ্কং) অপিনাম নিবৃত্তেয়ং মদভিলাষতঃ।

মদ। যদানাসৌ দোষং গণয়তি গুরুণাং কুবচনে
ন বা তোষং ধত্তে সরস বচনে নর্ম্ম সুহৃদাম্।
বিষাভং শ্রীখণ্ডং কলয়তি বিধুং পাবক সমং
তদাস্যাস্তদ্ বৃত্তং ত্বয়িগদিতুমত্রাহমগমম্।।

কৃষ্ণঃ। (সোচ্ছ্বাসং) ত্বঞ্চেদবঞ্চনপরে স্মরবারি রাশে
রুদ্ধতুর্মেষি তদকারণ বৎসলাসি।

দেখেই যেন রোদে জ্বলে গেছেন। কোটরে লুকিয়ে চোক বুজে ব'সলেন। আর, দখিণে হাওয়া যদি গায়ে লেগেছে, ওরে বাস্‌রে! ওস্তাদের মন্তর ঝাড়া সাপের মত, এধার ওধার ছট্‌ফট্‌ ক'রে বেড়াতে সুরু ক'রে দিলেন আর কি।

কৃষ্ণ। (স্বগত) সত্যি কথাই ব'লেছে। (প্রকাশ্যে) দূর মূখ্যু, অত ফাজলাম করিস্‌ নি।

মদ। উঃ। তার হৃদয় পরীক্ষার জন্য কত কি-ই না করলে!

কৃষ্ণ। (সাতঙ্কে স্বগত) তবে কি তিনি আমার অভিলাষ ত্যাগ ক'রেছেন নাকি?

মদ। আর তার এখনকার অবস্থা কি শুনবে?

গুরুজন তিরস্কার না করে গণন।
নর্ম্ম সখী আলাপনে না হয় সন্তোষ,
যদিও সরস তাহা। কালকূট সম
গণে শীতল চন্দন। শীতল চন্দ্রমা
হেরে পাবকের সম। জানা'বার তরে
সে সব বৃত্তান্ত তোমা, আগমন মম।

কৃষ্ণ। (সোচ্ছ্বাসে)

নাহি দয়াময়ি, হৃদে বঞ্চনা তোমার।
উদ্ধার করিতে মোরে আজি কৃপা করি

তৎ কৈঁশরদ্রুম নিকুঞ্জ গৃহে প্রসাদ্য
তামানয়স্ব নয়কোবিদতাং তনুষ্ব।

মদ। বৎস সত্যমেবেদং।

রতি। ভোদিউজ্জুএ সচ্চকং জ্জেবব এদং এত্থ অহংজ্জেবব পড়িভূ বহ্মণো।

কৃষ্ণঃ। অলমন্যথা সম্ভাবনয়া কুরুমৎ প্রতীকারং।

মদ। ইয়ং প্রস্থিতাস্মি। স্বস্তি বৎসায়।

(নিস্ক্রান্তা)

অনঙ্গ সাগর হ'তে স্নেহ বশে তব
আগমন। এত যদি কৃপা তব দেবি,
প্রসন্না করিয়া তাঁরে আন এই ক্ষণে
কেশর নিকুঞ্জ গৃহে। বাঁধা রব আমি,
সুনীতিজ্ঞা তুমি দেবি, তোমার চরণে।

মদ। বেশ, নিশ্চয় এনে দোব।

রতি। হ্যাঁ, নিশ্চয় এনে দিন। এর কথা যেন ঠাট্টা মনে ক'রবেন না। এই বামুন জামিন রইল।

কৃষ্ণ। না। আপনার কথার নড়্‌চড়্‌ হবে না জানি। এখন আমার যা' হয় উপায় করুণ।

মদ। এই আমি চললাম ভাই। আশীর্ব্বাদ করি তোমার মনস্কাম সফল হ'ক।

(প্রস্থান)

ততঃ প্রবিশতি সঙ্কেতোচিত বেশা রাধিকা।

রাধা। সহি মাহবি বিপ্রলম্ভীদন্ধি ভবদীহিং।

রামকেলি রাগেণ

তিমিরতি রোহিত সরণী।
গিরিষু দরীষু সমেবহি ধরণী॥
চিরয়তি কিং সখি দেবি।
বিধিরপি ময়ি কিমু নহি হিতসেবী ॥ধ্রু॥
অতিবাহিত মতি ভামং।
বিফল মিদং কিমু গহনমসীমং॥
সুখয়তু রুদ্র গজেশং।
রামানন্দ রায় কৃতমনিশং॥

মাধ। সখি অলমন্যথা সম্ভাবনয়া আগতামিব দেবীমব-
ধারয়।

ততঃ প্রবিশতি মদনিকা।

মদ। বৎসে দিষ্ট্যা বর্দ্ধসে।

রাধা। (সহর্ষোচ্ছাসং) দেবি অধ কো তত্থ বুত্তন্তো।

মদ। বলবতি মদনজ্বরে যঃ স্যাৎ।

রাধা। কধন্নিঅ।

মদ। ইন্দুং নিন্দতি, চন্দনং বিকীরতি, প্রালম্বকং মুঞ্চতি

দ্বিতীয় দৃশ্য।

কাল—সন্ধ্যা।

বকুল বৃক্ষের তলে রাধা ও মাধবী।

রাধা। সখি মাধবি, তোরাও আমাকে বঞ্চনা ক'রলি ?

গীত

এই তো সে পথ তমোময়।
আঁধারেতে গিরিদরী ভেদ নাহি হয়॥
কি করিছে সখি, মদনিকে।
বিধাতাও নাহি ফিরে চায় মোর দিকে॥
অতিবাহিনু এই ভীম।
বিফলে গহন এই আঁধার অসীম॥
গজপতি নৃপ লভু সুখ।
রাম রায় গীতে, ফাটে জ্যোতিশের বুক।

মাধ। সখি, কেন কু ভাবছিস ? দেবী এলেন ব'লে।

(মদনিকার প্রবেশ)

মদ। বোন্, তোর অদৃষ্ট খুব সুপ্রসন্ন।

রাধা। (সুহর্ষে ও সোচ্ছ্বাসে) দেবি, সেখানকার খবর কি ?

মদ। খবর ? মদন জ্বরে যা' হয়। আর কি ?

রাধা। সে কি ?

মদ। এই চাঁদকে নিন্দা ক'রছে, চন্দন ছড়িয়ে ফেলছে ;

প্রালেয়াস্ত্র সতি প্রিয়ং পরিজনং নাভাষতে সম্প্রতি। গোবিন্দস্তব বিপ্রয়োগ বিধুরঃ কিংকিং নবাচেষ্টতে। তৎকুঞ্জোদরতল্প কল্পন পরং রাধে তমাধারয়।

গলার মালা খুলে ফেলছে। বন্ধুদের সঙ্গে আর কথাবার্ত্তা নেই। এই আর কি ? আহা বেচারা গোবিন্দ তোর্ জন্য কি না ক'রছে ? আর এখন কি ক'রছে জানিস ? (মৃদুস্বরে) এই তোর জন্য ফুলের বিছানা পাত্‌ছে। তুই ভাই কিন্তু শিগ্‌গীর চল্, তার সেবা করবি। আয়।

অথ নিকুঞ্জে কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সখে কথঞ্চিরয়তি মদনিকা।

(সাতঙ্কং) ইয়ং তন্বী পীন স্তন জঘন ভারালসগতি
বিদূরে কুঞ্জোঽয়ং মম রচিত সঙ্কেত বসতিঃ।
স্বতোভীরুর্বালা গহনমপি ঘোরান্ধতমসং
কথঙ্কারং সা মামভিসরতু কামেঽত্র শরণং॥

(ক্ষণং চিন্তাং নাটয়িত্বা দীর্ঘমুষ্ণঞ্চ নিঃশ্বস্য)

কিমেষা মত্বামাম পরিচিত ভাবং বিমুখতাং
প্রযাতা বিশ্বাসং কিমু সহচরী বাচি নগতা।
অথ ভ্রান্তাবর্ত্তম্যতি তিমির ভাজীহ বিপিনে
ন শক্তা তন্বঙ্গী স্মর শরাহতা বা প্রচলিতুং॥

তৃতীয় দৃশ্য।

স্থান—কেশর কুঞ্জ। কাল—সন্ধ্যা।

কৃষ্ণ ও রতিকন্দল।

কৃষ্ণ। ভাই, মদনিকা দেবী এত দেরী করছেন কেন ?

(সভয়ে) কেমনে আসিবে বালা অভিসারে মোর?
ক্ষীণাঙ্গী বালিকা একে, তদুপরি আহা,
গুরু স্তন জঘন সম্ভারে গতি তার
অলস কাতর। সঙ্কেত নিকুঞ্জ, সখা
এও বহুদূর। বালিকা স্বতঃই ভীরু।
গহন কানন এই। পথ অন্ধকার।
কাহার শরণ লব এ হেন বিপদে।

(ক্ষণ কাল চিন্তাকরিয়া এবং দীর্ঘ
ও উষ্ণ নিঃশ্বাস ত্যাগ করিয়া)

ভাবিয়া অপরিচিত বুঝি মোরে প্রিয়া
হ'লেন বিমুখী। প্রত্যয় হয়নি বুঝি
সখীর কথায়। কিম্বা নারি নির্দ্দেশিতে,
তিমিরে আচ্ছন্ন এই গহনের পথ,
ভ্রান্ত পথে গেছে চলি প্রাণাধিকা মোর।
অথবা, মদন বানে হ'য়ে জ্বর জ্বর,
সে ভীরু দুর্ব্বলা তন্বী পারেনি চলিতে।

(পুরতোঽবলোক্য) অয়ে কথমুদিত প্রায়োঽয়ং চন্দ্রঃ ।

যদেদং কোকানাং প্রসরতিতরাং কাকুবি রুতং
তথা স্ফীতং স্ফীতং ভবতি পরিতঃ কৈরব কুলং ।
যথা মূর্চ্ছন্মূর্চ্ছৎ প্রতিপদমিদং বারিজ বনং
তথা শঙ্কে চন্দ্রঃ প্রথমগিরিবীথ্যাং বিহরতি ॥

(সখেদং) সখ্যা বাচি কথঞ্চন পতিয়তী বালান্ধকারোচিতে
নৈশাবেশ ভরেণ বাগতবতী বর্ত্তন্যথার্দ্ধেমম ।
অস্মিন্ শক্রদিশং শশাঙ্ক হতকে সংদূষয়ত্যুন্মনা
নাগন্তং নচগন্তুমদ্য চতুরা কিম্বা করিষ্যতয়সৌ ॥

(সবিনয়াঞ্জলিং বদ্ধা)

রে পূর্ব্বপর্ব্বত সখে কৃপয়া মমত্বং
তুঙ্গান্যমূনি তনু শৃঙ্গ শতানি কামং ।
যাতে বিলোচন পথং শশিনি প্রয়াণে
বিঘ্নো ভবেন্মৃগদৃশো মম জীবিতে চ ।

রতি। (কর্ণংদত্বা) ভো স্থণো অদূ কিং রুণু রুণু সদ্দং কুণঈ ।

কৃষ্ণঃ। (শ্রুতিমভিনীয় নেপথ্যে) তন্মঞ্জীর রবঃ কিমেষ

(সম্মুখে দেখিয়া) একি ! চাঁদ উঠ্‌ছে নাকি ?
চক্রবাক কলরব হ'তেছে বিস্তার
প্রস্ফুটিত হইতেছে কুমুদিনী গণ।
মূর্চ্ছিতেছে একে একে কমলিনী কুল
শশধর পশে বুঝি উদয় অচলে।

(সখেদে) সখীর বচনে প্রিয়া করিয়া প্রত্যয়,
পরিধান করি নিশাবেশ তমোচিত,
আসিতেছিলেন বুঝি এই পথে মোর ;
হেনকালে দগ্ধ শশধর, করে পথ
দূষিত ভীষণ, চাঁদিনী গরলে তার।
উন্মনা হইয়া প্রিয়া আছে দাঁড়াইয়া।
কি করিবে ? আসিবে কি যাইবে ফিরিয়া।

(সবিনয়ে করজোড় পূর্ব্বক)
সখা মোর উদয় অচল, কৃপা করি
মোর প্রতি শত শত তুঙ্গশৃঙ্গ তব
কর উচ্চ যথোচিত, আবর শশীরে।
দৃষ্টি পথে পশিলে শশাঙ্ক, হবে বিঘ্ন
আসিবার মৃগাক্ষীর, মোর জীবনেরো।

বৃন্তি। (উৎকর্ণ হইয়া) এই এই আর কাঁদতে হবে না।
শোন্‌ কিসের ঝম্‌ ঝম্‌ শব্দ হ'চ্ছে।

কৃষ্ণ। (নেপথ্যে শুনিয়া) এ কিসের শব্দ ? তাঁর

কিমুবা ভৃঙ্গাবলী নিস্বনস্তৎ কাঞ্চী রণিতং নু
মন্মথবতাং কিং সারসানাং রুতং।
(এবং কল্পয়তো বিকল্পমচিরাদালম্ব্য সখ্যাঃ করং
গোবিন্দস্য নিকুঞ্জ কেলিসদনে ভূষাভবদ্রাধিকা।)

মালবশ্রী রাগেণ

চিকুর তরঙ্গক ফেন পটলমিব কুসুমং দধতী কামং।
নটদপসব্য দৃশা দিশতীবচ নর্ত্তিতুমতনুম বামং॥
রাধা মাধব বিহারা।
হরিমুপগচ্ছতি মন্থর পদগতি লঘু লঘু তরলিত হারা॥ ধ্রু॥
শঙ্কিত লজ্জিত রসভর চঞ্চল মধুর দৃগন্তলবেন।
মধুমথনং প্রতি সমুপহরন্তী কুবলয়দাম রসেন॥
গজপতি রুদ্র নরাধিপ মধুনাতন মদনং মধুরেণ;
রামানন্দ রায় কবি ভণিতং সুখয়তু রস বিসরেণ॥

নূপুরের, না ভোমরা উড়্‌ছে ; তাঁর কাঞ্চীর শব্দ, না মদনাতুর সারসের ডাক্‌ ?

(এই প্রকার জল্পনা কল্পনা করিতেছেন, এমন সময় সখিগণের কর অবলম্বন পূর্ব্বক রাধিকা গোবিন্দের নিকুঞ্জ গৃহ ভূষিত করিলেন।)

গীত

সখিবৃন্দ। চিকুর তরঙ্গক ফেন পটল সম
শোভিত কুসুম দাম।
নাচিয়া দখিণ আঁখি আদেশ দানিছে ডাকি
নাচ তুহুঁ ফুলধনু কাম॥
রাধা মাধব বিহারা।
হরি পাশ যাওত মৃদু মন্থর গতি
ধীরি ধীরি গলে দোলে হারা॥
শঙ্কিত লজ্জিত রস ভরে চঞ্চল
মধুর লোচন অঞ্চল।
মধুসূদনেরে আজু উপহার দানইছে
রস ভরা কুবলয় দল॥
গজপতি নৃপ হৃদে রামানন্দ রায় কৃত
এই গানে বাঢ়ুক আনন্দ।
রাধাকৃষ্ণে এক হেরি, আনন্দে ভাসিয়া যাক্‌
অভকত জ্যোতিশ চন্দ্র॥

রতি। (পুরতোঽবলোক্য) ভো বঅস্‌স আহ্মহিং জিদং এষা
তত্থ ভোদী আঅচ্ছদি ত্তি লক্ষীআদি।
ততঃ প্রবিশতি মদনিকা।

মদ। বৎসৌ সম্পন্নশ্চিরেণ সুহৃদাং মনোরথঃ তন্মামনু-
মন্যস্ব স্থানান্তর বাস গমনায়।

রতি। মম্পি নিউঞ্জান্তর গমনায়।

ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।

রতি। (সম্মুখে দেখিয়া) কেমন লো, ঠিক ব'লেছিলাম ত'। ঐ দেখ্।

(মদনিকার প্রবেশ)

মদ। যাক্ ভাই অনেক দিন বাদে আমাদের আশা মিট্‌ল। আর কি? এই বার আমরা যেতে পারি। কি বল?

(প্রস্থান)

রতি। আমিও একটা কুঞ্জ টুঞ্জ খুঁজে দেখি। কি বলিস্?

(প্রস্থান)

রাধাসঙ্গমোনাম পঞ্চমোঽঙ্কঃ।

ততঃ প্রবিশতি শশিমুখী।

শশি। অয়ে নিউঞ্জে কল্লাণাহি নিবেসাণং কো বুত্তন্তো ত্তি ণ জাণীআদি। তা দেঈং অণুসরিঅ জানিস্সং। (পুরতোঽবলোক্য) অএ কধং এষা ণিদ্দা মুউলিদ লোঅণা লহু লহু ইধজ্জেব্ব আঅচ্ছদি।

(সংস্কৃতমাশ্রিত্য)

স্বৈরং স্বৈরং কথমপি দৃশৌ মন্দ নিস্পন্দ তারে।
বিন্যস্যন্তো শিথিলিত ভুজদ্বন্দ্ব সন্নামিতাসা।
মন্দন্যাস স্খলিত চরণব্যস্ত মঞ্জীর ঘোষা
দেবী নিদ্রাকুলতর তনুর্মোদমাবিস্করোতি॥

সুখসিন্ধুড়া রাগেণ

দরমুকুলারুণ লোচনমানন ইহগত কান্তি বিকাশে।
কমলমিবারুণ ভূষসি বিধাবনু বিস্মিতমম্বু সকাশে॥

পঞ্চম অঙ্ক। (রাধা সঙ্গম)

স্থান—কেশর কুঞ্জের বহির্ভাগ। কাল—প্রভাত।

শশিমুখী।

শশি। কাল রাত্রে নিকুঞ্জে কেমন সব আনন্দ হ'ল, সে সব কোন বৃত্তান্তই জান্‌তে পেলাম না। দেবীর কাছে বোধ হয় সব জাস্তে পার্‌ব। যাই জেনে আসি। আরে, এই যে দেবী কেমন ঘুম্‌ ঘুম্‌ চ'খে ধীরে ধীরে এই দিকেই আসছেন।

ঢুলু ঢুলু আঁখি, তাহে নিশ্চল তারকা।
শিথিলিত ভুজযুগ, পড়িছে ঝুলিয়া
স্কন্ধ দেশ হ'তে কিবা, মন্থর গমন।
স্খলিত চরণে মৃদু বাজিছে মঞ্জীর
কিবা বিপরীত তালে। নিদ্রাকুল তনু
হেরি দেবীর মোদের উপজে আনন্দ।

গীত।

ঈষৎ মুকুল নয়ন যুগল
যিনি উৎপল রাতা।
ঢুলিয়া ঢুলিয়া পড়য়ে ঘুরিয়া
মধুপানে যেন মাতা॥

কিমিদমিয়ং প্রবিশন্তী ।
ভজতি মনো মম রতি বিরতা ইব বনিতা কাপি চলন্তী ॥ধ্রু॥
শিথিলভুজা মৃদু রণিত কনক মণি কঙ্কণ মিদমনুবারং ।
বিসকল্ পাদ নিবেশ নিবারিত নূপুর ললিত বিহারং ॥
গজপতি রুদ্র নরাধিপ হৃদয়ে মুদমিদমাতনুতেতি ।
রামানন্দ রায় কবি ভণিতং বিলসতি রসিক জনেতি ॥

ততঃ প্রবিশতি যথোক্তবেশা মদনিকা ।

(চক্ষুষী বিমৃজ্য পুরতোঽবলোক্য)

মদ । অহো রমণীয়তা বসন্ত যামিনী পরিণামস্য ।
ইতো মন্দং মন্দং সরসিজ বনোবাত লহরী
ততশ্চূতাস্বাদ প্রমুদিত পিকানাং কলকলঃ ।
ক্বচিৎ ফুল্লাং বল্লীমনু মধুকরাণাং স্বরকথা
কুতশ্চিৎ কোকানাং মৃদু মধুরমানন্দ লপিতং ॥

উদয় অরুণে শশীর গমনে

দর মঝুলিত প্রায়।

দেবীর বদন তেমতি মলিন

কিহেতু হইল হায়॥

এই মোর মনে লয়।

রতি রঙ্গরসে নিশি অবশেষে

কামিনী যেমতি যায়।

শিথিলিত পাণি কঙ্কণের ধ্বনি

কনক কিঙ্কিণী বাজে।

অলস আবেশে চরণ বিন্যাসে

জিতি কল হংস রাজে।

(লোচন দাস)

(উল্লিখিত বেশে মদনিকা প্রবেশ করিয়া চক্ষু মার্জ্জনা করিলেন)

মদ। (সম্মুখে দেখিয়া) বাঃ বাঃ, বসন্ত-যামিনীর অবসান কি রমণীয়!

হেথা বহে মন্দ মন্দ মলয় লহরী,
আলিঙ্গিয়া সরসিজ বন। হোথা গাহে
মত্ত পিককুল, মোদিত হইয়া যেন
চ্যুত আস্বাদনে। কোথা বা মধুপপুঞ্জ
হেরি পুষ্পলতা, মধুর গুঞ্জন করে
হ'য়ে প্রফুল্লিত। চক্রবাক চক্রবাকী
আনন্দে কোথাও করে মধু আলাপন।

(দ্বিত্রাণি পদানি পরিক্রম্য আনন্দমভিনীয়)

উদ্দাম স্মর চাতুরী পরিচয়াদন্যোন্য রাগাদিমাং
রাত্রিং জাগরিতানি সদ্মনি যুবদ্বন্দ্বানি যচ্ছেরতে।
তত্তেষাং শ্বসিতানিলেন তুলনামাসাদয়িষ্যন্নিব
প্রোন্মীলৎ কমলাবলীষু বলতে শ্রীখণ্ডবীথী মরুৎ ॥

(পুরতোঽবলোক্য সবিস্ময়ং)

চকিত চকিতং ক্বাপি ক্বাপি প্রমোদ নিরন্তরং
ক্বচন বনিতা কুণ্ঠোৎকুণ্ঠং নিধায় বিলোচনে ॥
কলয়তি তথাবস্থামেষা রথাঙ্গ কুটুম্বিনী
ভবতি ন যথা চান্তেবাসী বিদগ্ধ বধূজনঃ ॥

(ক্ষণমন্যতোগত্বা সাশ্চর্য্যং) অয়ে অতি রমণীয়মিদং বর্ত্ততে।

উন্মীলৎ কমলোদরে মধুভরে দৃষ্ট্বানুবিম্বং নিজং
মন্বানা দয়িতং কথঞ্চিদধুনানোৎকণ্ঠয়া ধাবতি।

(দুই তিন পদ পরিভ্রমণ করিয়া সানন্দে)

ছুটিছে মলয় বায় কমলের বনে,
আধফোটা পদ্মকলিগুচ্ছ যথা দুলে ;
লভিতে তুলনা, সুগন্ধ অনিল সনে,
নিঃশ্বাসে পড়িছে যাহা যুবা দম্পতীর,
নিদ্রায় মগন যবে, অলস বিবেশে
রাত্রি জাগরণ হেতু প্রণয়ের বশে ;
উদ্দাম মদন কেলি ; পরিচয় অন্তে তার।

(সম্মুখে দেখিয়া সবিস্ময়ে)

চকিত হইয়া প্রাতে চক্রবাকবধূ
নিরখিছে চারিদিকে। প্রগাঢ় প্রমোদে,
কভু আলিঙ্গিছে কান্তরে তাহার সুখে।
কভু কান্ত প্রতি করিছে কটাক্ষ পাত,
দারুণ উৎকণ্ঠাভরে। রসিকা কে বধূ
না হইবে শিষ্যা এর, হেন প্রেমিকার।

(কিছুদূরে যাইয়া সাশ্চর্য্যে)

কি সুন্দর! মনোহর উন্মীলিত পদ্মে
মধু ঢল ঢল। হেরি তাহে আপনার
প্রতিবিম্ব খানি, সুচতুরা মধুকরী
আপন দয়িত বোধে, উৎকণ্ঠাবশতঃ
না যায় চলিয়া। হেন কালে নিরখিয়া
দারুণ কৌতুকে, দূরে নিজ সহচরে,

উৎকণ্ঠোপনতং পুনঃ সহচরং দৃষ্ট্বা বিলক্ষা মুহু
র্ন স্থাতুং নচ গন্তুমত্র চতুরা ভৃঙ্গী চিরং ভ্রাম্যতি ॥

শশি। ইয়মতি প্রাভাতিক রামণীয়কাহৃতচিত্ত তয়া ন মাম্ ত্বাবলোকয়তি।

(তদুপসৃত্য বন্দে ইত্যুপসৃত্য) দেবি বন্দ্যসে।

মদ। কথং শশিমুখি বৎসে মে চিরমন্যচিত্ত তয়া নাবধারিতাসি।

শশি। দেবি কথং নিদ্রাকুলামিব ভগবতীং তর্কয়ামি।

মদ। বৎসে ইবেতি কথং তথৈব।

শশি। অথ কথমিব।

মদ। রাধামাধবয়োরদ্য নিকুঞ্জমধিষ্ঠিতোঃ তত্তৎ কুতকিতা-লোকান্নিশেয়মতিবাহিতা।

শশি। অথ কীদৃশস্তত্রত্যো বৃত্তান্তঃ।

মদ। শৃণু! (নয়নে প্রমৃজ্য) বৎসে জানাসি নিকুঞ্জ প্রবেশাবধি।

শশি। অধ কিং।

মদ। তদনন্তরং।

যস্তম্ভোমুরবিদ্বিষঃ সমভবত্তেনাপি তস্যা মনো
মাধ্যস্থ্যং পরিশঙ্কতে ভয় মনোজন্মত্রপানির্ভরং।

বিস্ময়ে স্তম্ভিত হয়। না পারে থাকিতে
হেথা, না পারে যাইতে দয়িতের পাশে।
কমল উপরে সদা ঘুরিয়া বেড়ায়।

শশি। প্রভাতের সৌন্দর্য্যে আত্মহারা হ'য়ে দেবী আমাকে দেখ্‌তেই পাচ্ছেন না।
(অগ্রসর হইয়া প্রণাম ও নিকটে গমন।)
দেবি, প্রণাম।

মদ। কে? বোন্ শশিমুখি। তা' ভাই অনেকক্ষণ আন্‌মনা ছিলাম ব'লে তোকে দেখ্‌তে পাই নি।

শশি। দেবীকে যেন ঘুম ঘুমের মত দেখাচ্চে না?

মদ। "মত" কেন ভাই, ঘুম ঘুমই বটে।

শশি। কেন দেবি?

মদ। রাত্রে রাধা মাধব নিকুঞ্জে ছিলেন। তা'দের রগড় দেখ্‌তে দেখ্‌তে রাত ফুরিয়ে গেল।

শশি। সেখানে কি সব, কি রকম হ'ল দেবি?

মদ। শুন্‌বি? শোন্। নিকুঞ্জে প্রবেশ পর্য্যন্ত সব ত' তুই জানিস?

শশি। হ্যাঁ। তার পর কি হ'ল, তাই বলুন।
তারপর?

মদ। স্তম্ভিত হইল কৃষ্ণ হেরি রূপ রাশি।
শ্রীমতী রাধার। কিন্তু কহি শোন্ শশি,
কৃষ্ণে হেরি তার মন হইল উদাস.

কামেষু ব্রজপক্ষ বাত বিসর প্রাপ্তোদয়ো ন ক্ষণা

দশ্বাসং হরিণীহদৃশো বিতনুতে তস্য প্রকম্পো যদি॥

শশি। প্রিয়ং মে প্রিয়ং কৃতার্থাহস্মি।

মদ। ইতঃ পরমপি সুহৃদাং কৃতার্থতা।

শশি। অপিনামদৃষ্টং দেব্যা অন্যদপি।

মদ। সমস্তমেব।

শশি। ততস্ততঃ।

মদ। বৎসে!

সাশঙ্কসমনোভব প্রহসিতং সাপত্রপং সস্ময়ং

সাসূয়ং সমনোহরাত্মকপদং সপ্রেম সোৎকণ্ঠিতং।

রাধায়াঃ মধুসূদনস্য চ তদা কুঞ্জে তদাসীদ্রতং

যেনাসীন্মদনোপি বিস্ময়রস স্নিগ্ধান্তরো নির্ভরং॥

লজ্জায় কাতর ; মদনের ভয়ে ভীত।
হেন ভাব মৃগনয়নার না ঘুচিত
কোন কালে, মদনের বাণ পক্ক বায়ে,
কম্পাদি পুলকে কৃষ্ণ না হ'লে কাতর।

শশি। বেশ। বেশ। কি আহ্লাদ হ'চ্ছে।

মদ। তা' ত' বটেই। সখিদের এর চেয়ে আহ্লাদ আর কিসে হবে ?

শশি। দেবি, আরও কিছু দেখেছেন ?

মদ। সব দেখেছি লো সব দেখেছি।

শশি। তারপর কি দেখলেন বলুন না।

মদ। শঙ্কিত হইল আগে, অতঃপর দোঁহে
লজ্জায় কাতর হ'ল স্মর শরাঘাতে।
তারপর গরবিনী গর্ব্ব হানি ভয়ে
করে অভিমান। নিজমান, নারী হ'য়ে
খোয়াইলে, অপযশ ঘোষিবে জগৎ।
পরীক্ষা কারণ, কৃষ্ণের গভীর প্রেম
মানভরে অতঃপর রহে অধোমুখে।
তাহা হেরি কাণু, সপ্রেম উৎকণ্ঠাভরে
ধরি হস্ত তার, প্রবেশিয়া কুঞ্জমাঝে
করিলেন অপূর্ব্ব বিহার। নিজে কাম
নেহারি বিস্ময়ে, হেন অপরূপ কেলি
সুস্নিগ্ধ অন্তর হ'ল ; অপরে কা কথা।

আহির রাগেণ

মৃদু মঞ্জীর রবানুগতং গতমনয়া শয়ন সমীপং ।
মধুরিপুণাপি পদানি কিয়ন্ত্যপি চলিতং কিয়দনুরূপং ॥
শশিমুখি কিং তব বত কথয়ামি ।
রাধা মাধব কেলি ভরাদহমদ্ভুতমাকলয়ামি ॥ধ্রু॥
মিলিতমিদং কিল তনুযুগলং পুনরপি ন কঞ্চন ভেদং ।
বিষম শরাশুগ কীলিতমিব সখি গলিত চিরন্তন স্বেদং ॥
নখর রদাবলি খণ্ডিতমপি গুরু নিঃশ্বসিতায়ত ভীতং ।
রুদ্র গজাধিপ মুদমাতনুতাং রামানন্দ রায় সুগীতং ॥

শশি । দেবি অসম্বদ্ধমিবেদং প্রতিভাতি মাম্ ।

মদ । কথমিব ।

শশি । তয়োঃ কথমীদৃশং সৌরত কৌশলং জাতং ।

মদ । অয়ি সরলে !

গীত।

মৃদু মঞ্জীররবে ধীরি ধীরি চলল
শ্রীরাধা শয়ন সমীপে।
মধুরিপু আগুসরি চলল রাধিকা যাঁহা
মৃদু মৃদু তহুঁ অনুরূপে॥
সখি, কি কহিব কেমন হেরিল।
রাধা মাধব কেলি অপরূপ নেহারিনু
নয়ন না পাশরণ গেল॥
মিলিত ভেল যব চারুতনু যুগল
তহুঁ কাঁহা হেরই না ভেদ।
মদন শরাঘাতে দুহুঁ ভেল জ্বর জ্বর
গলল চিরন্তন স্বেদ॥
নখর দশানাঘাতে খণ্ডিত ভেল তনু
ভয়ে ঘন ত্যজই নিঃশ্বাস।
কেলি কালে রাখে মাথে চরণ চতুষ্টয়
জ্যোতিশের ইহ অভিলাষ॥

শশি। দেবি, এযে কেমন কেমন ঠেক্‌ছে।

মদ। কেন লো?

শশি। তারা ত' ছেলে মানুষ। এমন সুরত কৌশল শিখ্‌ল কার কাছে?

মদ। দেখ্ শশিমুখি, তুই বড্ড বোকা। ওলো, সব বিদ্যে শিখ্‌তে হ'লে, গুরুর কাছে ভাল ক'রে

উপদিশতি গুরুর্গুরু প্রযত্না
স্তদপি চ কালবশাৎ প্রযাতি পাকং।
ইতি কিল নিয়তাঃ সমস্ত বিদ্যাঃ
স্তুরতকলাঃ স্বতএব সম্ভবন্তি॥
অত্রান্তরে সুরত কেলি কলাসু তাসু
প্রায়েণ শিক্ষিত ইবৈষ শশী চিরেণ।
যোগ্যাং ততঃ কিমপি কর্ত্তুমিব প্রকামং
সংসেবতেস্ম চরমাং দিশমাদরেণ॥

শশি। সম্প্রতি চ কল্যাণিনোঃ অভিমত সুরত প্রমোদ লক্ষ্মী পরিচয় নির্ব্বৃতমায়তোশ্চিরেণ নখপদ দশনাঙ্ক চারু ভূষা ললিততমং বপুরীক্ষিতুং মনো মে।

ততঃ প্রবিশতি সত্বরা রাধিকা চাতিদূরে কৃষ্ণঃ।

রাধা। (পুরতোঽবলোক্য) আপসন্নাইং দিসা মুহাইং তা কধং উব্বারিত [illegible]রীরা গমিস্সং।
(সত্বরঃ দ্বিত্রাণি পদানি পরিক্রম্য বলি[illegible] গ্রাবমবলোকতে।)

কৃষ্ণঃ। (ক্ষণং নির্ব্বর্ণ্য) অহো ভয় মন্মথ সম্বলনা মৃগাক্ষী!
দ্বিত্রাণ্যেব পদানি গচ্ছতি জবাদ্ দ্বিত্রাণি মন্দং পুন
স্ত্রাসোৎকম্পমথাপি পশ্যতি দিশঃ সাকূতমেতাঃ পুনঃ।

উপদেশ নিতে হয়। আবার অনেক দিন ধ'রে তা' অভ্যাস কর্তে হয়, তবে শেখা যায়। কিন্তু এই রতি বিদ্যে হ'ল স্বয়ং সিদ্ধ বিদ্যে, একি আর কারুর কাছে শিখ্তে হয়? তার পর যা' বলছিলাম শোন্। এমন সময় চাঁদ তাদের রতি কলা দেখে যেন শিখে প'ড়ে নিয়ে পশ্চিম দিক্ সিমন্তিনীর সঙ্গে সঙ্গত হ'ল। শুন্লি সব?

শশি। আহা, কত দিন প'রে সুরত কেলির ইচ্ছা পূর্ণ হওয়ায় তারা আনন্দ লাভ ক'রল। কিন্তু এখন যে একবার সেই নখ দাঁতের ছাপ মারা মনোহর যুগল মূর্ত্তি দেখবার ইচ্ছা হ'চ্ছে।

(ত্বরান্বিতা শ্রীরাধার ও দূরে শ্রীকৃষ্ণের প্রবেশ)

রাধা। (সম্মুখে দেখিয়া) ইঃ, চারদিক যে আলোয় ভ'রে উঠেছে। এখন এই বেশে কি ক'রে যাই?
(দুই তিন পদ পরিক্রমান্তর গ্রীবা বঙ্কিম করিয়া দেখিতে লাগিলেন।)

কৃষ্ণ (ক্ষণকাল চিন্তা করিয়া)
আহা, ভীতা, মন্মথ পীড়িতা প্রাণ প্রিয়া
হরিণ নয়না মোর। কভু চলে ত্বরা,
কভু বা মন্থরা। থর্ থরি কাঁপে তনু,
আতঙ্ক বিহ্বলা। চমকিয়া হেরে
চারি ভিতে। অদৃশ্যেরে নেহারে বান্ধব।

যোনস্যাদপি গোচরে নয়নয়োর্নে দিষ্টমেতং জনং
সম্প্রত্যেতি পদে পদে ব্যবহিতং মামন্তিকেপি প্রিয়া ॥
(রাধা পুনঃ সত্বরং পরিক্রামতি।)

মদ। বংসে পশ্য পশ্য পুরতো রাধিকাং কতিচিদ্দূরে মাধবঞ্চ।

ইন্দং হি। ন ব্যালাদপি সংবিভেতি পুরতঃ স্থাণোর্যথা দূরতো
নোদ্বিগ্নাকরিগর্জ্জিতাদপি যথা কাকাবলী নিস্বনাৎ।
নৈবেয়ং তিমিরেপি মুহ্যতিতরাং কামং প্রকাশে যথা
তস্মন্যে বিরহেপিনৈব বিধুরা কান্তস্য যোগে যথা ॥

ললিত রাগেণ

অভিমত গাঢ় মনোরথ সমুচিত রতিপতি সমর বিশেষে।
বিজয় পরাজয় পরিচয় বিভূষিত চেতসিব লদভিলাসে ॥
ললিত মনোহর দেহা।
কথয়তি পরিচয়মিয়মতি নিপুণ মৃদুপদ কমল লবেহা ॥ ধ্রু॥
কুসুম শরাসন শরনিকর ধ্বনি মণিত মনোহর ঘোষে।
গুণ পরিপাটিতয়া পরিকল্পিত নখ দশন ক্ষত দোষে ॥
গজপতি রুদ্র নরাধিপ বিদিতে রসিক জনাহিত তোষে।
রামানন্দ রায় কবি ভণিতে হৃদয়ং কুরুত বিদোষে॥

নিকটে যদ্যাপি আমি, মনে গণে' প্রিয়া
নাই নিকটে তাহার, গিয়াছি কোথায়।
(রাধার পুনরায় দ্রুত পরিক্রমণ)

মদ। দেখেছিস্ শশিমুখি, সাম্নে রাধা আর ঐ দূরে মাধব।
হেরি শুষ্ক বৃক্ষ কাণ্ড সম্মুখে তাহার
ভুজঙ্গ অধিক গণে অতীব ভীষণ।
কাকধ্বনি শুনি কাণে, চমকি উঠিছে
গনি গজেন্দ্র বৃংহতি। তমসা আবৃতা
রজনীর চেয়ে, দিবসের এই শুভ্র আলো
মুহ্যমানা করিতেছে, আহা। মনে হয়
এ সকল হেরি, হয়েছে বিধুরা রাধা
দয়িত মিলনে, কান্ত বিরহের চেয়ে।

গীত।

মনসিজ সমরে বিজয় পরাজয়
অভিলাষ হৃদয়ে দোঁহার।
হরিতে আনের মন দোঁহে ব্যাকুল হয়
সমুচিত মনোরথ সার॥
সুললিত ঘুমমাখা তনু।
কোমল পদ কমল চলনে কি শোভা হয়
মুঞ্জীর বাজে রুণু রুণু॥
নখ রদ ক্ষত চিহ্ন দোষ সব গুণ ভেল
রামানন্দ রায় কহি গায়।

তদতিভয়ে কাতরেয়ং বৎসা। তৎ উপসৃত্য সম্ভাবয়ামস্তাবদেনাম্।

(উপসৃত্য) বৎসে স্বাগতং তে।

রাধা। (সসম্ভ্রমমবলোক্য) অএ কধং এষা দেঈ। (সলজ্জং বন্দতে।)

(নেপথ্যে কলকলঃ)

অব্রহ্মণ্যম্ অব্রহ্মণ্যম্। (সর্ব্বাঃশ্রুতিমভিনয়ন্তি)

নেপথ্যে। শৃঙ্গভ্যাঞ্চখুরাঞ্চলেনচ বলাদেষ ক্ষমামুল্লিখন্
কল্পান্তস্তনয়িত্নু গর্জিত ঘনধ্বানৈর্দিশো দারয়ন্।
উল্কার্চিঃ প্রতিমল্লমক্ষিযুগলং ক্রোধাদিবান্দোলয়
ন্নেষ ব্যাপদি মজ্জয়ন্ ব্রজমভূদ্দেবাদরিষ্টোঽগ্রতঃ॥
(সর্ব্বে নিকুঞ্জোদরে আত্মানমপবার্য্য পশ্যন্তি।)

কৃষ্ণঃ। (সাটোপমুপসর্পন্) অভয়ং ঘোষ নিবাসিনাম্।
(সগর্ব্বং বাহুমুদ্যম্য)

দর্পোচ্ছ্বাসবশীর্ণ শৈল বলয় ক্ষৌণী মহাবলম্বনে
বৈরি ব্যাকুল শক্র শান্তিকমথ প্রোদ্দামমূপেপিচ।

গজপতি সহিত রসিক মোদিত হ'ক
প্রেমে ভাসুক' জ্যোতিশ রায়॥

ওলো, রাই ভয়ে বড় কাতরা হ'য়েছে। চল্ ওর কাছে গিয়ে ওকে একটু ঠাণ্ডা করিগে। (নিকটে যাইয়া) কি ব'ন্। খবর সব ভাল ত ?

রাধা। (সসম্ভ্রমে দেখিয়া স্বগত) একি দেবী কোথা থেকে এলেন ? (সলজ্জ নমস্কার করিলেন।)

(নেপথ্যে কোলাহল)

সকলে "কিসের শব্দ, কিসের শব্দ" বলিয়া উৎকর্ণা হইলেন।

নেপথ্যে। শৃঙ্গ ও ক্ষুরের ঘায়ে সবলে মেদিনী
করিতেছে বিদীরণ। প্রলয় কালিন
জলোচ্ছ্বাস সম এর গর্জ্জন ভীষণ
দিকে দিকে মহারবে হ'তেছে ধ্বণিত।
নেত্রদ্বয় মহারোষে হ'তেছে ঘূর্ণিত
উল্কাপিণ্ড সম। হেরি ব্রজবাসিগণ,
মগন হ'য়েছে সবে দুর্দ্দৈব আবেশে।

(সকলে কুঞ্জমধ্যে গমন করিয়া দেখিতে লাগিলেন।)

কৃষ্ণ। (সগর্ব্ব আস্ফালন সহ) ভয় নাই ব্রজবাসিগণ।
(বাহু উদ্যত করিয়া) সমুন্নত স্তম্ভ সম কৃষ্ণ ভুজযুগ,
দর্পিত দানবকুল-ভীতা ধরণীর
সা[illegible] অরাতি কাতর যবে
হন দেবরাজ, তাঁহারে ত্বরায় করে

অস্মিন্ কৃষ্ণভুজেপি জাগ্রতি ভয়ং নিত্যং তদেকাশ্রয়ান্
ঘোষস্থানপি সংস্পৃশেদহহ কিং প্রাণৈর্ম্মম ক্রীড়তি ॥
(সাটোপং পরিক্রামতি ।)

নেপথ্যে । ভোঃ কষ্টং কষ্টং ।
যাভ্যাং গিরীণামপি শৃঙ্গবন্তং সোঢ়ু ন্নশক্তেন বিদারিতাস্তে ।
তেয়োরনেনোৎপল কোমালাঙ্গো লক্ষ্মী কৃতো বালতনুর্মুকুন্দঃ ॥
মদ । (বিলোক্য সাশ্রং)
অস্থক্ষৌণি সহস্র ভারমতুলং দেবাজয়াশা কুতঃ
শ্রীদেবি ব্রতমাচর ব্রজজনাঃ কানন্দবার্তাপি বঃ ।
মাতর্দেবকি কিং ভবিষ্যসি গতানন্দাদয়ো রাধিকে
শূণ্যং তে জগদদ্য জাতমধুনা হাহা হতাঃ স্মোবয়ম্ ॥

রাধা । (শ্রুতিমভিনীয় সাতঙ্কং) হদ্ধি মহ মন্দভাইণীএ
এআরিসং দুদ্দেব্ব বিল্লসিদং জাদং ।

অভয় প্রদান। থাকিতে জাগ্রত তার
সেই ভুজ দ্বয়, ভীত হবে ব্রজবাসী,
কৃষ্ণের আশ্রিত নিত্য? দুষ্ট বৃষাসুর
করিতেছে ক্রীড়া এবে মম প্রাণসহ।

(সদর্পে প্রস্থান)

নপথ্যে। হায় হায়, হেরি তুঙ্গ শৃঙ্গ অচলের
না পারি সহিতে এই দাম্ভিক অসুর,
বিদরিয়া মহাদর্পে, কমল কোমল
শিশু মুকুন্দের প্রতি ধায় ক্রোধভরে।

মদ। (কাঁদিয়া) হায় হায়, কিহ'ল কিহ'ল! লো ধরণি,
সহিতে হইবে আজি মহা ভার তোমা।
দেবগণ-জয়-আশা ঘুচিল যে আজ।
বৈকুণ্ঠে, লক্ষ্মীরে আজি, ধরিতে কি হ'বে,
ব্রত চারিণীর বেশ? ব্রজ বাসিগণ,
কোথা আর তোমাদের আনন্দ সংবাদ?
মা যশোদে, কি হইল আজি তোর হায়!
পিতা নন্দ সহ যত গোপকুল আজি
মজিল সকলে। রাধে, ভগিনি আমার,
আজি যে জগৎ শূন্য হইল তোমার।
আমরা [illegible], মরিলাম সবে।

রাধা। (উৎকর্ণা হইয়া সাতঙ্কে) কি দুর্দ্দৈব! কি হও
ভাগিনী আমি সই। (শশিমুখীর গায়ে ঢলি[illegible]

শশি। সখি সমাশ্বসিহি সমাশ্বসিহি এষ খলু মুকুন্দঃ।

নেপথ্যে। যত্রোন্মীলতি মীলিতং ত্রিভুবনং যত্রোন্নমত্যানতং
যস্মিন্ ভ্রাম্যতি ন ভ্রমন্তি বিরতিপ্রায়েণ বাতাঅপি।
ক্ষিপ্ত্বা কন্দুক লীলয়া তমধুনা বৃন্দাবনাদ্দূরতো
হত্বারিষ্টমরিষ্টমেতদকরোৎ শ্রীমান্ মুকুন্দো জগৎ॥
(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ। সর্ব্বা সস্পৃহমালোকয়ন্তি।)

মদ। অহো রামণীয়কং জয়শ্রীভূষণস্য বৎসস্য।

তথাহি। বিশ্রস্তালক বল্লরী পরিমিলৎ স্বেদোদবিন্দূৎকর
ব্যালিপ্তালিক চন্দনঃ ক্রমগলৎকেকিচ্ছদোত্তংসকঃ।
পাদক্ষেপ সমুচ্ছলৎক্ষিতিরজো রম্যাঙ্গরাগ
শ্চিরাদানন্দং বিতনোত্যয়ং নয়নয়োরাবির্ভবন্মাধবঃ॥

পড়িয়া কাঁদিতে লাগিলেন।)

শশি। সই, স্থির হ'। ভয় কি? জানিস্, এ আর কেউ নয়, এ মুকুন্দ।

নেপথ্যে। নেত্র উন্মীলনে যাঁর বারেকের তরে,
মুদে যায় ত্রিভুবন আঁখি। বারেকের
উন্নতিতে যাঁর নত হয় চরাচর।
ভ্রমণ করিলে যিনি বারেকের তরে,
গগনে পবন আর না করে ভ্রমণ
শ্রীমান্ মুকুন্দ সেই, দুষ্ট অসুরেরে
করিয়া মর্দ্দন আজি, কন্দুকের প্রায়
ক্রীড়া ভরে ক'রেছে নিক্ষেপ, বহুদূরে
বৃন্দাবন হ'তে। শান্তা এবে ধরা।

(কৃষ্ণের প্রবেশ ও সকলের সস্পৃহ দৃষ্টিপাত।)

মদ। জয়শ্রী ভূষিত কৃষ্ণকে কি সুন্দর দেখাচ্ছে। চুলগুলো এলো মেলো হ'য়েছে। কপালের চন্দন ঘামে লেপে গেছে। মাথার ময়ূর পাখা ধীরে ধীরে নেমে প'ড়ছে। ধুলায় গা ভ'রে গেছে। মাধবকে এ বেশে যা সুন্দর দেখাচ্ছে আমায় কিন্তু খুব ভাল লাগছে। (অগ্রসর হইয়া) [illegible] আমাদের বড্ড বরাত জোর যে, তোমায় ফের দেখতে পেলাম। শুধু দেখা

(উপসৃত্য) দিষ্ট্যাদৃষ্টোসি বৎস জয়শ্রী স্বয়ম্বরালিঙ্গিতঃ।

কৃষ্ণঃ। (দৃষ্ট্বা সহর্ষং) দেবি স্বাগতং তে।

মদ। স্বাগতমধুনা বৎসেন জয়শ্রী ভূষণেন দৃষ্টেন। তদ্বৎস ক্ষণমিহ বকুল পাদপোপবীথ্যাং বিশ্রাম্যতাং।

কৃষ্ণঃ। যদভিরুচিতং দেব্যৈ (ইত্যুপবিশতি।)

মদ। (সস্নেহমঙ্গং স্পৃশতি) বৎস কৃত দুষ্কর কর্ম্মণঃ। কিমপি পরিতোষিকং দিৎসামি।

কৃষ্ণ। যদভিরুচিতং দেব্যৈ।

মদ। (নিষ্ক্রম্যরাধামাদায় প্রবিশ্য) বৎস, নবাভিসঙ্গ বিধুরাং ত্রাসোন্মীলিত লোচনাম্ মধুরালোকনেনৈনাং সম্ভাবয চিরাদিব।

(কৃষ্ণঃ সস্পৃহমালোকয়তি।)

মদ। বৎসে ক্রীড়সঙ্গর পরিশ্রমোল্লসৎ স্বেদ বিন্দু নিকরৈঃ করম্বিতম্। অঞ্চলেন নিজ বাসসঃ প্রিয়ং বীজয় গিরাভিনন্দ্য চ।

(রাধা সস্পৃহং বীজয়তি।)

মদ। ইতঃ পরং কিন্তে প্রিয়ং সম্পাদয়ামি।

কৃষ্ণঃ। দেবি ইতঃ পরং কিমপি প্রিয়মস্তি।

পঞ্চেষোর্বিশিখাবলীভিরনিশং নির্ভিদ্যমানেন চেদানন্দৈক নিদানমেণনয়না প্রাপ্তা প্রসাদাত্তব।

আবাব জয়শ্রী ভূষিত।

কৃষ্ণ। (দেখিয়া সহর্ষ) দেবি, আপনাদেব খবব সব ভাল ত'?

মদ। তোমাকে জিতে ফিবে আস্‌তে দেখে উপস্থিত বেশ ভাল খবর। তা' ভাই তুমি এই বকুল তলায় একটু ব'সে জিবও।

কৃষ্ণ। আপনার যা ইচ্ছা। (বসিলেন)

মদ। (সস্নেহে অঙ্গ স্পর্শ কবিয়া) কৃষ্ণ, তুমি বড অসাধ্য সাধন ক'বেছ। এখন কি পুবস্কাব চাও বলত'।

কৃষ্ণ। আপনার যা খুসী।

(মদনিকাব বহির্গমন ও বাধাকে লইয়া প্রবেশ)

মদ। এই নতুন-মিলন-কাতরা, ভযে চোক বুজে আছে। এর পানে একটু মিষ্টি ক'রে তাকিয়ে একে সুখী কবত'।

(কৃষ্ণ সস্পৃহ নেত্রে দেখিতে লাগিলেন)

মদ। ওলো, দুর্দ্দান্ত অসুবের সঙ্গে যুদ্ধ ক'বে পবিশ্রমে যে এব ঘাম দিচ্ছে। বঁধুকে আঁচল দিযে একটু হাওয়া কব, দু'টা মিষ্টি আলাপ কবে খুশী কর্।

(রাধা নিজ বস্ত্রাঞ্চলে সাগ্রহে ব্যজন কবিতে লাগিলেন)

মদ তোমাব জন্য [illegible] কি ক'বব বল।

কৃষ্ণ। দেবি, এর [illegible] আব কি আছে, যে [illegible]
মদনের বাণে [illegible] দেহ শুখিয়ে যাচ্ছিল,
আ[illegible]মার [illegible]তে এই হরিণ ন[illegible] পে[illegible]

ভূয়ঃ সেয়মলম্ভিকাচন দৃশোঃ পীযুষধারা ময়া কিম্বাতঃ
পরমস্তি দেবি ভুবনে কিঞ্চিৎ প্রিয়ং মাদৃশাম্ ॥

মঙ্গল গুজ্জরী রাগেণ

পরিণত শারদ শশধর বদনা ।
মিলিতা পাণিতলে গুরুমদনা ॥
দেবি কিমিহ পরমস্তিমদিষ্টং ।
বহুতর স্বকৃত ফলিতমনুদিষ্টং ॥ধ্রু॥
পিক বিধু মধু মধুপাবলি চরিতং ।
রচয়তি মামধুনা সুখ ভরিতং ॥
প্রণয়তু রুদ্রনৃপে সুখমমৃতং ।
রামানন্দ ভণিত হরি রমিতম্ ॥

তথাপি ইদমস্তু ।

শ্রদ্ধাবদ্ধমতির্মম প্রতিদিনং গোপাল লীলস্য যঃ
সংসেবেত রহস্যমেতদতুলং লীলামৃতং লোলধীঃ ।
তস্মিন্ মদ্গত মানসে কিল কৃপাদৃষ্ট্যা ভবত্যা সদা
ভাব্যং যেন নিজেপ্সিতাং ব্রজবনে সিদ্ধং
সমাপ্নোতিসঃ ।

তথাস্তু ।

ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে ।

রামানন্দ রায় বিরচিতং শ্রীজগন্নাথ বল্লভ নাম
সঙ্গীত নাটকং সমাপ্তম্ ॥

পেয়েছি। আনন্দে চোখে ধারা গড়িয়েছে—
এই পৃথিবীতে আমার আর পাবার কি কিছু
বাকি আছে ?

গীত।

নিরমল শারদ শশধর বদনা।
পেয়েছি হাথে আজি গাঢ় মদনা ॥
পাইবার আর কিছু নাহি অবশেষ।
সফল বাসনা আজি সুকৃতি অশেষ ॥
কোকিল, বসন্ত, আর মধুকর, চন্দ্র।
দিতেছে আমারে দেবি, অপার আনন্দ ॥
রুদ্ররূপে সুখ দিতে রামানন্দ গীত।
জ্যোতিশ ডুবিয়া যাক্ ভকত সহিত ॥

তবু যদি কিছু মোরে দিবে কৃপাময়ি।
এই কর, দেবি, যেই ভকত রসিক,
শ্রবণ করিবে নিত্য প্রেম পূর্ণহৃদে,
সুধাময় গোপ লীলা মোর এ অতুল
অপূর্ব্ব রহস্য পূর্ণ, পায় যেন তব
কৃপাদৃষ্টি দান। ক'র তা'রে অনুগত

মর্দ। বেশ। তাই হ'বে।

—

মিলন গীতি।

সুখময় বৃন্দাবন সুখময় শ্যাম।
সুখময়ী রাধা তঁহি অনুপাম॥
দুহুঁ মেলি কেলি বিলাস করু।
দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু॥
দুহুঁ তনু পুলকিত দুহুঁ মন ভোর।
বিনোদিনী রাধা বিনোদিয়া কোর॥

(রায় শেখর)

রায় রামানন্দ বিরচিত শ্রীজগন্নাথ বল্লভ নামক
নাটকের শ্রী[illegible] যুগল মিলন [illegible] দ্যানুবাদ সমাপ্ত।